পারা ২

سَيَقُولُ السُّفَهَاءُ مِنَ النَّاسِ مَا وَلَّاهُمْ عَنْ قِبْلَتِهِمُ الَّتِي كَانُوا عَلَيْهَا ۚ ﴿١٤٢﴾

১৪২। সাইয়াক্বূলুস্ সুফাহা — য়ূ মিনান্ না-সি মা-অল্লা-হুম 'আন্ ক্বিব্লাতিহিমুল্ লাতী কা-নূ 'আলাইহা-;
(১৪২) অচিরেই নির্বোধ লোকেরা বলবে, যে কিব্লার দিকে তারা ছিল তা হতে কিসে তাদেরকে ফিরিয়ে দিল।

قُلْ لِلَّهِ الْمَشْرِقُ وَالْمَغْرِبُ ۚ يَهْدِي مَنْ يَشَاءُ إِلَىٰ صِرَاطٍ مُسْتَقِيمٍ ﴿١٤٣﴾ وَ

ক্বূল্ লিল্লা-হিল্ মাশ্রিক্বু অল্মাগ্রিব্; ইয়াহ্দী মাইঁ ইয়াশা — য়ু ইলা-ছিরা-ত্বিম্ মুস্তাক্বীম্। ১৪৩। অ
বলুন, পূর্ব ও পশ্চিম সবই আল্লাহর। তিনি যাকে ইচ্ছা সরল পথে চালান। (১৪৩) এভাবে

كَذَٰلِكَ جَعَلْنَاكُمْ أُمَّةً وَسَطًا لِتَكُونُوا شُهَدَاءَ عَلَى النَّاسِ وَيَكُونَ

কাযা-লিকা জ্বা'আল্না-কুম্ উম্মাতাওঁ অসাত্বোয়াল্ লিতাকূনূ শুহাদা — য়া 'আলান্ না-সি অ ইয়াকূনার্
আমি তোমাদেরকে মধ্যপন্থী জাতি করেছি, যাতে তোমরা মানুষের জন্য সাক্ষ্য দাতা হও। এবং

الرَّسُولُ عَلَيْكُمْ شَهِيدًا ۗ وَمَا جَعَلْنَا الْقِبْلَةَ الَّتِي كُنْتَ عَلَيْهَا إِلَّا

রাসূলু 'আলাইকুম্ শাহীদা-; অমা-জ্বা'আল্নাল্ ক্বিব্লাতাল্ লাতী কুন্তা 'আলাইহা — ইল্লা-
রাসূল তোমাদের জন্য সাক্ষ্য দাতা হন; আপনি এযাবৎ যে কিব্লার উপর ছিলেন, তাকে আমি এ জন্য প্রতিষ্ঠা

لِنَعْلَمَ مَنْ يَتَّبِعُ الرَّسُولَ مِمَّنْ يَنْقَلِبُ عَلَىٰ عَقِبَيْهِ ۚ وَإِنْ كَانَتْ لَكَبِيرَةً

লিনা'লামা মাইঁ ইয়াত্তাবি'উর্ রাসূলা মিম্মাইঁ ইয়ান্ক্বালিবু 'আলা-'আক্বিবাইহ্; অইন্ কা-নাত্ লাকাবীরাতান্
করেছি, তা দ্বারা কে রাসূলের অনুসরণ করে আর কে ফিরে যায় তা জানতে পারি; আল্লাহ যাদেরকে সৎপথ

إِلَّا عَلَى الَّذِينَ هَدَى اللَّهُ ۗ وَمَا كَانَ اللَّهُ لِيُضِيعَ إِيمَانَكُمْ ۚ إِنَّ اللَّهَ

ইল্লা-'আলাল্লাযীনা হাদাল্লা-হ্; অমা- কা-নাল্লা-হু লিইয়ুদ্বী'আ ঈমা-নাকুম্; ইন্নাল্লা-হা
দেখিয়েছেন; তারা ছাড়া অন্যের নিকট এটা সুকঠিন; আল্লাহ এমন নন যে, নষ্ট করবেন তোমাদের ঈমানকে [১]। আল্লাহ

بِالنَّاسِ لَرَءُوفٌ رَحِيمٌ ﴿١٤٣﴾ قَدْ نَرَىٰ تَقَلُّبَ وَجْهِكَ فِي السَّمَاءِ ۖ

বিন্না-সি লারাঊফুর্ রাহীম্। ১৪৪। ক্বাদ্ নারা-তাক্বাল্লুবা অজ্হিকা ফিস্ সামা — য়ি
মানুষের প্রতি করুণাময়, দয়ালু। (১৪৪) আপনার পুনঃপুনঃ আকাশ পানে মুখ উঠানো দেখেছি,

فَلَنُوَلِّيَنَّكَ قِبْلَةً تَرْضَاهَا ۚ فَوَلِّ وَجْهَكَ شَطْرَ الْمَسْجِدِ الْحَرَامِ ۚ وَ

ফালানুওয়াল্লিয়ান্নাকা ক্বিব্লাতান্ তারদ্বোয়া-হা-ফাওয়াল্লি অজ্হাকা, শাত্বরাল্ মাস্জ্বিদিল্ হারা-ম্; অ
তাই এমন কিবলামুখী করছি যা আপনি পছন্দ করেন, অতএব আপনি মসজিদে হারামের প্রতি

শানেনুযূল ঃ আয়াত-১৪৪ ঃ রাসূল করীম (ছঃ) মদীনায় অবস্থানকালে প্রথম ১৬/১৭ মাস বাইতুল মুকাদ্দিসের দিকে তাকিয়ে নামায পড়তেন। এ সময় তিনি বাররার আকাশ পানে তাকাতেন। তারপর আল্লাহপাক মক্কার ঘরের দিকে মুখ করে নামায পড়ার নির্দেশ নাযিল করেন, এতে বিধর্মীরা বিরূপ মন্তব্য করলে উক্ত আয়াত নাযিল হয়।
টীকা-১ ঃ কিবলা পরিবর্তনের পূর্বে যারা মৃত্যুবরণ করেছে তাদের ঈমান ও নামায নষ্ট হবে না। (অনুবাদক)

حَيْثُ مَا كُنْتُمْ فَوَلُّوا وُجُوهَكُمْ شَطْرَهُ ۗ وَإِنَّ الَّذِينَ أُوتُوا الْكِتٰبَ

হাইছু মা-কুনতুম্ ফাওয়াল্লূ উজূ্হাকুম্ শাত্বরাহ্; অইন্নাল্লাযীনা ঊতুল্ কিতা-বা

আপনার মুখ ফেরান; তোমরা যেখানেই থাক না কেন তার দিকে মুখ ফিরাও; আর যারা কিতাবপ্রাপ্ত হয়েছে

لَيَعْلَمُونَ أَنَّهُ الْحَقُّ مِنْ رَبِّهِمْ ۗ وَمَا اللّٰهُ بِغَافِلٍ عَمَّا يَعْمَلُونَ ﴿١٤٥﴾ وَلَئِنْ

লাইয়া'লামূনা আন্নাহুল্ হাক্ব্ক্বু মির্‌রব্বিহিম্; অমাল্লা-হু বিগা-ফিলিন্ 'আম্মা- ইয়া'মালূন্। ১৪৫। অলাইন্

তারা জানে যে, এটি তাদের রবের প্রেরিত সত্য; সে সম্বন্ধে আল্লাহ গাফেল নন। (১৪৫) আপনি

أَتَيْتَ الَّذِينَ أُوتُوا الْكِتٰبَ بِكُلِّ اٰيَةٍ مَا تَبِعُوا قِبْلَتَكَ ۚ وَمَا أَنْتَ

আতাইতাল্ লাযীনা ঊতুল্ কিতা-বা বিকুল্লি আ-ইয়াতিম্ মা-তাবি'ঊ ক্বিব্লাতাকা' অমা~ আন্তা

কিতাবীদের নিকট যাবতীয় প্রমাণ উপস্থিত করলেও তারা কেবলার অনুসরণ করবে না, আর আপনিও

بِتَابِعٍ قِبْلَتَهُمْ ۚ وَمَا بَعْضُهُمْ بِتَابِعٍ قِبْلَةَ بَعْضٍ ۗ وَلَئِنِ اتَّبَعْتَ أَهْوَاءَهُمْ

বিতা-বি'ইন্ ক্বিব্লাতাহুম্ অমা-বা'দুহুম্ বিতা-বি'ইন্ ক্বিবলাতা বা'দ্ব; অলাইনিত্তাবা'তা আহ্ওয়া — য়াহুম্

তাদের কেবলা মানতে পারেন না; তারা একে অপরের কেবলার অনুসরণ করে না; জ্ঞান আসার পরও যদি আপনি তাদের

مِنْ بَعْدِ مَا جَاءَكَ مِنَ الْعِلْمِ ۙ إِنَّكَ إِذًا لَمِنَ الظّٰلِمِينَ ﴿١٤٦﴾ الَّذِينَ اٰتَيْنٰهُمُ

মিম্ বা'দ্বি মা-জ্বা — য়াকা মিনাল্ 'ইল্মি ইন্নাকা ইযাল্ লামিনাজ্ জোয়া-লিমীন্। ১৪৬। আল্লাযীনা আ-তাইনা-হুমুল্

হীন প্রবৃত্তির অনুসরণ করেন, তবে নিশ্চয়ই তখন আপনি অন্তর্ভূক্ত হবেন যালিমের। (১৪৬) আমি যাদেরকে কিতাব

الْكِتٰبَ يَعْرِفُونَهُ كَمَا يَعْرِفُونَ أَبْنَاءَهُمْ ۖ وَإِنَّ فَرِيقًا مِنْهُمْ لَيَكْتُمُونَ

কিতা-বা ইয়া'রিফূনাহূ কামা- ইয়া'রিফূনা আব্না —য়াহুম্; অইন্না ফারীক্বাম্ মিন্হুম লাইয়াক্তুমূনাল্

দিয়েছি তারা তাকে ঐরূপ চিনে যেরূপ তারা তাদের সন্তানদের চিনে। তবুও একদল জেনে বুঝে সত্যকে গোপন

الْحَقَّ وَهُمْ يَعْلَمُونَ ﴿١٤٧﴾ الْحَقُّ مِنْ رَبِّكَ فَلَا تَكُونَنَّ مِنَ الْمُمْتَرِينَ ﴿١٤٨﴾ وَلِكُلٍّ

হাক্ব্ক্বা অহুম্ ইয়া'লামূন্। ১৪৭। আল্হাক্ব্ক্বু মির্ রব্বিকা ফালা-তাকূনান্না মিনাল্ মুম্তারীন্। ১৪৮। অলিকুল্লিওঁ

করে। (১৪৭) এ সত্য আপনার রবের পক্ষ হতে, অতএব, আপনি সংশয়ীদের দলভুক্ত হবেন না। (১৪৮) প্রত্যেকের

وِجْهَةٌ هُوَ مُوَلِّيهَا فَاسْتَبِقُوا الْخَيْرٰتِ ۗ أَيْنَ مَا تَكُونُوا يَأْتِ بِكُمُ

ওয়িজ্ব্হাতুন্ হুওয়া মুওয়াল্লীহা-ফাসতাবিক্বুল্ খাইরা-ত্; আইনা মা-তাকূনূ ইয়া''তি বিকুমুল্

রয়েছে একটি কেবলা, যেদিকে সে মুখ করে; সৎকাজে প্রতিযোগিতা কর। যেখানেই তোমরা

ওয়াক্বফুন্নবী (ছাঃ) রুকু ১ ৬ ১৭ ع ওয়াক্বফে মনযিল ওয়াক্বফে লাযেম

আয়াত -১৪৫ ঃ এ আয়াতে ক্বা'বা শরীফকে ক্বিয়ামত পর্যন্ত মুসলমানদের ক্বিবলা নির্ধারিত করা হয়। এর মাধ্যমে ইয়াহূদী নাসারাদের এ বক্তব্যকে খণ্ডন করা হয়েছে যে, তারা বলত, মুসলমানদের ক্বিবলার কোন স্থিতি নেই। ইতোপূর্বে তাদের ক্বিবলা ছিল ক্বা'বা, তারপর হল বায়তুল মুকাদ্দাস, এখন আবার ক্বা'বা শরীফ হল। পুনরায় হয়ত বায়তুল মুকাদ্দাসকে ক্বিবলা বানাবে। (মাঃকোঃ)
আয়াত-১৪৮ ঃ এ আয়াতের মর্মার্থ হল, প্রত্যেক জাতিরই একটি নির্ধারিত ক্বিবলা আছে। সে ক্বিবল হয় আল্লাহর পক্ষ হতে, অন্যথা তারা নিজেরাই ঠিক করেছে। মোটকথা, ই'বাদতের সময় প্রত্যেক জাতিই কোন না কোন দিকে মুখ করে দাড়ায়। এক্ষেত্রে উম্মতে মুহাম্মদীর জন্য কোন বিশেষ দিককে নির্ধারণ করে দিলে তাতে আশ্চর্য হওয়ার কি আছে?

اللّٰهَ جَمِيْعًا ؕ اِنَّ اللّٰهَ عَلٰى كُلِّ شَىْءٍ قَدِيْرٌ ﴿١٤٩﴾ وَمِنْ حَيْثُ خَرَجْتَ فَوَلِّ وَجْهَكَ

লা-হু জ্বামী'আ-; ইন্নাল্লা-হা 'আলা- কুল্লি শাইয়িন্ ক্বাদীর্। ১৪৯। অমিন্ হাইছু খারাজ্ব্তা ফাওয়াল্লি অজ্ব্হাকা

অবস্থান কর না কেন, আল্লাহ সকলকে একত্র করবেন, নিশ্চয় আল্লাহ সর্ব শক্তিমান। (১৪৯) যেদিক হতে বের হন, আপনার

شَطْرَ الْمَسْجِدِ الْحَرَامِ ؕ وَاِنَّهٗ لَلْحَقُّ مِنْ رَّبِّكَ ؕ وَمَا اللّٰهُ بِغَافِلٍ عَمَّا

শাত্ব্রাল্ মাস্জ্বিদিল্ হারা-ম্; অইন্নাহূ লাল্হাক্ব্ক্বু মির্ রব্বিক্; অমাল্লা-হু বিগা-ফিলিন্ 'আম্মা-

মুখ মসজিদে হারামের দিকে ফেরান অবশ্যই তা আপনার রবের পক্ষ হতে বাস্তব সত্য; তোমাদের কৃতকর্ম সম্পর্কে

تَعْمَلُوْنَ ﴿١٥٠﴾ وَمِنْ حَيْثُ خَرَجْتَ فَوَلِّ وَجْهَكَ شَطْرَ الْمَسْجِدِ الْحَرَامِ ؕ وَ

তা'মালূন্। ১৫০। অমিন্ হাইছু খারাজ্ব্তা ফাওয়াল্লি ওয়াজ্ব্হাকা শাত্ব্রাল্ মাস্জ্বিদিল্ হারা-ম্; অ

বেখবর নন। (১৫০) আর আপনি যেদিক হতেই বের হন না কেন মসজিদে হারামের প্রতি মুখ ফেরান, আর তোমরা

حَيْثُ مَا كُنْتُمْ فَوَلُّوْا وُجُوْهَكُمْ شَطْرَهٗ ۙ لِئَلَّا يَكُوْنَ لِلنَّاسِ عَلَيْكُمْ

হাইছু মা-কুন্তুম্ ফাওয়াল্লু উজ্ব্হাকুম্ শাত্ব্রাহূ লিয়াল্লা-ইয়াকূনা লিন্না-সি 'আলাইকুম্

যে স্থানেই অবস্থান কর না কেন সেদিকে মুখ ফিরাও, যেন তোমাদের বিরুদ্ধে লোকদের কোন যুক্তি না থাকে যারা

حُجَّةٌ اِلَّا الَّذِيْنَ ظَلَمُوْا مِنْهُمْ فَلَا تَخْشَوْهُمْ وَاخْشَوْنِىْ وَلِاُتِمَّ

হুজ্ব্জ্বাতুন্ ইল্লাল্লাযীনা জোয়ালামূ মিন্হুম্ ফালা-তাখ্শাওহুম্ ওয়াখ্শাওনী অ লিউতিম্মা

অন্যায়কারী তারা ছাড়া, অতএব তাদের ভয় করো না, আমাকে ভয় কর, তোমাদের প্রতি যেন আমার নিয়ামত পূর্ণ করতে

نِعْمَتِىْ عَلَيْكُمْ وَلَعَلَّكُمْ تَهْتَدُوْنَ ﴿١٥١﴾ كَمَآ اَرْسَلْنَا فِيْكُمْ رَسُوْلًا

নি'মাতী 'আলাইকুম্ অলা'আল্লাকুম্ তাহ্তাদূন্। ১৫১। কামা~ আর্সাল্না- ফীকুম্ রাসূলাম্

পারি, আর যেন তোমরা সৎপথে পরিচালিত হতে পার। (১৫১) যেমন আমি তোমাদের মধ্য হতে তোমাদের কাছে একজন

مِّنْكُمْ يَتْلُوْا عَلَيْكُمْ اٰيٰتِنَا وَيُزَكِّيْكُمْ وَيُعَلِّمُكُمُ الْكِتٰبَ وَالْحِكْمَةَ

মিন্কুম্ ইয়াত্লূ 'আলাইকুম্ আ-ইয়া-তিনা-অইয়ুযাক্কীকুম্ অইয়ু'আল্লিমুকুমুল্ কিতা-বা অল্হিক্মাতা

রাসূল পাঠিয়েছি, যিনি তোমাদেরকে আমার আয়াত পাঠ করে শুনান, তোমাদের পবিত্র করেন, কিতাব ও হিকমত শিক্ষা দেন

وَيُعَلِّمُكُمْ مَّا لَمْ تَكُوْنُوْا تَعْلَمُوْنَ ﴿١٥٢﴾ فَاذْكُرُوْنِىْٓ اَذْكُرْكُمْ وَ

অইয়ু'আল্লিমুকুম্ মা-লাম্ তাকূনূ তা'লামূন্। ১৫২। ফায্কুরূনী~ আয্কুর্কুম্ অশ্

এবং যা তোমরা জান না তা শিক্ষা প্রদান করেন। (১৫২) অতএব তোমরা আমাকে স্মরণ কর, আমি তোমাদেরকে স্মরণ

শানেনুযূল ঃ আয়াত-১৫১ ঃ ক্বা'বা নির্মাণের পর হযরত ইব্রাহীম (আঃ) আল্লাহ পাকের নিকট এই জনপদ (মক্কা)-এর জন্য একজন রাসূল পাঠানোর জন্য দোয়া করেন। আমাদের প্রিয়নবী হযরত মুহাম্মদ (ছঃ) উক্ত দোয়ার ফলশ্রুতি। অতএব নবী করীম (ছঃ) ও তার উম্মতের ক্বিবলা ক্বা'বা শরীফ হওয়াই অধিকতর যুক্তিযুক্ত। (মাঃ কোঃ,সামান্য পরিবর্তিত)
আয়াত-১৫২ ঃ এ আয়াতের মর্মার্থ হল, তোমরা আমাকে আমার নির্দেশের আনুগত্যের মাধ্যমে স্মরণ কর, তা হলে আমি তোমাদেরকে সওয়াব ও মাগ্ফিরাতের মাধ্যমে স্মরণ করব। হাদীস শরীফে বর্ণিত আছে, মহানবী (ছঃ) বলেন, যে ব্যক্তি আল্লাহ তা'আলার আনুগত্য করে অর্থাৎ তাঁর হালাল ও হারাম সম্পর্কিত নির্দেশাবলী অনুসরণ করে, তার নফল নামায ও রোযা কম হলেও, সে-ই

১৮ ع ৫ ২ রুকু

اشْكُرُوا لِي وَلَا تَكْفُرُونِ ﴿١٥٣﴾ يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا اسْتَعِينُوا بِالصَّبْرِ

কুরূলী অলা-তাক্ফুরূন্। ১৫৩। ইয়া~ আইয়্যুহাল্লাযীনা আ-মানূস্ তা'ঈনূ বিছ্ছব্রি
করব আমার প্রতি কৃতজ্ঞ হও, অকৃতজ্ঞ হয়ো না। (১৫৩) হে মুমিনরা! সাহায্য প্রার্থনা কর ধৈর্য

وَالصَّلَاةِ ۚ إِنَّ اللَّهَ مَعَ الصَّابِرِينَ ﴿١٥٤﴾ وَلَا تَقُولُوا لِمَنْ يُقْتَلُ فِي سَبِيلِ اللَّهِ

অছ্ছলা-হ্; ইন্নাল্লা-হা মা'আছ্ ছোয়া-বিরীন্। ১৫৪। অলা-তাক্বূলূ লিমাইঁ ইয়ুক্বতালু ফী সাবীলিল্লা-হি
ও নামাযের মাধ্যমে, নিশ্চয় আল্লাহ ধৈর্যশীলদের সঙ্গে আছেন। (১৫৪) আল্লাহ্র পথে যারা নিহত হয় তাদের মৃত

أَمْوَاتٌ ۚ بَلْ أَحْيَاءٌ وَلَٰكِن لَّا تَشْعُرُونَ ﴿١٥٥﴾ وَلَنَبْلُوَنَّكُمْ بِشَيْءٍ مِّنَ الْخَوْفِ

আম্ওয়া-ত্; বাল্ আহ্ইয়া~ য়ুওঁ অলা-কিল্ লা-তাশ্'উরূন্। ১৫৫। অলানাব্লুওয়ান্নাকুম্ বিশাইয়িম্ মিনাল্ খাওফি
বলো না বরং তারা জীবিত, কিন্তু তোমরা তা বুঝনা। (১৫৫) আমি অবশ্যই তোমাদেরকে পরীক্ষা করব, কিছুটা ভয়,

وَالْجُوعِ وَنَقْصٍ مِّنَ الْأَمْوَالِ وَالْأَنفُسِ وَالثَّمَرَاتِ ۗ وَبَشِّرِ الصَّابِرِينَ ★

অল্জূ'ই অনাক্বছিম্ মিনাল্ আম্ওয়া-লি অলআন্ফুসি অছ্ছামারা-ত্; অবাশ্শিরিছ্ ছোয়া-বিরীন্।
ক্ষুধা এবং ধন, প্রাণ ও ফল-ফলাদির ক্ষতি দিয়ে; আপনি সুসংবাদ দিন ধৈর্যশীলদেরকে।

﴿١٥٦﴾ الَّذِينَ إِذَا أَصَابَتْهُم مُّصِيبَةٌ قَالُوا إِنَّا لِلَّهِ وَإِنَّا إِلَيْهِ رَاجِعُونَ ﴿١٥٧﴾ أُولَٰئِكَ

১৫৬। আল্লাযীনা ইযা~ আছোয়া-বাত্হুম্ মুছীবাতুন্ ক্বা-লূ ~ ইন্না-লিল্লা-হি অইন্না- ইলাইহি রা-জি'উন্। ১৫৭। উলা~ য়িকা
(১৫৬) তাদের উপর যখন বিপদ আপতিত হয় তখন বলে, আমরা আল্লাহ্রই এবং আমরা তাঁরই নিকট ফিরে যাব। (১৫৭) ঐ সকল

عَلَيْهِمْ صَلَوَاتٌ مِّن رَّبِّهِمْ وَرَحْمَةٌ ۖ وَأُولَٰئِكَ هُمُ الْمُهْتَدُونَ ﴿١٥٨﴾ إِنَّ

'আলাইহিম্ ছলাওয়া-তুম্ মির্ রব্বিহিম্ অরাহ্মাহ্; অউলা — য়িকা হুমুল্ মুহ্তাদূন্। ১৫৮। ইন্নাছ্
লোকদের প্রতিই রবের পক্ষ হতে শান্তি ও করুণা, আর তারাই হেদায়েত প্রাপ্ত। (১৫৮) নিশ্চয়

الصَّفَا وَالْمَرْوَةَ مِن شَعَائِرِ اللَّهِ ۖ فَمَنْ حَجَّ الْبَيْتَ أَوِ اعْتَمَرَ فَلَا جُنَاحَ عَلَيْهِ

ছোয়াফা- অল্ মার্ওয়াতা মিন্ শা'আ — ইরিল্লা-হি ফামান্ হাজ্জাল্ বাইতা আওয়ি' তামারা ফালা-জুনা-হা 'আলাইহি
'ছাফা' ও 'মারওয়া' স্মৃতি নিদর্শনের অন্যতম, যে কা'বার হজ্জ বা ওমরা করে তার জন্য উক্ত দু'স্থানে তাওয়াফ করা

أَن يَطَّوَّفَ بِهِمَا ۚ وَمَن تَطَوَّعَ خَيْرًا فَإِنَّ اللَّهَ شَاكِرٌ عَلِيمٌ ﴿١٥٩﴾ إِنَّ الَّذِينَ

আইঁ ইয়াত্ত্বোয়াওঅফা বিহিমা-; অমান্ তাত্ত্বোয়াওঅ'আ খাইরান্ ফাইন্নাল্লা-হা শা-কিরুন্ 'আলীম্। ১৫৯। ইন্নাল্লাযীনা
দোষণীয় নয়, আর কেউ খুশী মনে সৎকাজ করলে, আল্লাহ তার পুরস্কার দাতা, অভিজ্ঞ। (১৫৯) নিশ্চয়

আল্লাহকে স্মরণ করে। অপরদিকে যে ব্যক্তি আল্লাহ পাকের নির্দেশাবলীর বিরুদ্ধাচরণ করে, সে নামায-রোযা, তাসবীহ-তাহলীল ইত্যাদি বেশি করলেও প্রকৃতপক্ষে সে আল্লাহকে স্মরণ করে না। (কুরতুবী মাঃ কোঃ)
শানেনুযূল ঃ আয়াত -১৫৪ ঃ বদর যুদ্ধে ছয়জন মোহাজির এবং আটজন আনসার সাহাবী শাহাদাত বরণ করেন। লোকেরা তখন তাদের নাম নিয়ে বলতে লাগল যে, অমুক অমুক মারা গিয়েছে, তারা পার্থিব নিয়ামত হতে বঞ্চিত হয়েছে ইত্যাদি। তখন অত্র আয়াত নাযিল হয় (বয়ানুল কোরআন)

يَكْتُمُونَ مَآ أَنزَلْنَا مِنَ ٱلْبَيِّنَٰتِ وَٱلْهُدَىٰ مِنۢ بَعْدِ مَا بَيَّنَّٰهُ لِلنَّاسِ فِى

ইয়াক্তুমূনা মা~ আন্যাল্না-মিনাল্ বাইয়্যিনা-তি অল্হুদা-মিম্ বা'দি মা-বাইয়্যান্না-হু লিন্না-সি ফিল্

আমি যেসব নিদর্শন ও হেদায়েত নাযিল করেছি, তা স্পষ্টভাবে মানুষের জন্য কিতাবে বর্ণনা করার পরও যারা গোপন করে, আল্লাহ

ٱلْكِتَٰبِ ۙ أُو۟لَٰٓئِكَ يَلْعَنُهُمُ ٱللَّهُ وَيَلْعَنُهُمُ ٱللَّٰعِنُونَ ﴿١٥٩﴾ إِلَّا ٱلَّذِينَ تَابُوا۟

কিতা-বি উলা — য়িকা ইয়াল্'আনুহুমুল্লা-হু অইয়াল্'আনুহুমুল্ লা-'ইনূন্। ১৬০। ইল্লাল্লাযীনা তা-বূ

তাদেরকে অভিসম্পাত করেন এবং অভিসম্পাতকারীরাও লা'নত করে। (১৬০) কিন্তু যারা তওবা করে ও নিজেরা

وَأَصْلَحُوا۟ وَبَيَّنُوا۟ فَأُو۟لَٰٓئِكَ أَتُوبُ عَلَيْهِمْ ۚ وَأَنَا ٱلتَّوَّابُ ٱلرَّحِيمُ ﴿١٦٠﴾ إِنَّ

অআছ্লাহূ অবাইয়্যানূ ফাউলা — য়িকা আতূবু 'আলাইহিম্, অ'আনাত্তাও ওয়া-বুর্ রাহীম্। ১৬১। ইন্নাল্

সংশোধিত হয় এবং গোপনকৃত সত্য বর্ণনা করে, তাদেরকে ক্ষমা করি, আমি ক্ষমাশীল ও করুণাময়। (১৬১) যারা

ٱلَّذِينَ كَفَرُوا۟ وَمَاتُوا۟ وَهُمْ كُفَّارٌ أُو۟لَٰٓئِكَ عَلَيْهِمْ لَعْنَةُ ٱللَّهِ وَٱلْمَلَٰٓئِكَةِ وَ

লাযীনা কাফারূ অমা-তূ অহুম্ কুফ্ফা-রুন্ উলা — য়িকা 'আলাইহিম্ লা'নাতুল্লা-হি অল্ মালা — য়িকাতি অন

কাফির এবং কুফরী অবস্থায় মৃত্যু বরণ করেছে তাদের উপর আল্লাহ্র ফেরেশতাদের ও

ٱلنَّاسِ أَجْمَعِينَ ﴿١٦١﴾ خَٰلِدِينَ فِيهَا ۖ لَا يُخَفَّفُ عَنْهُمُ ٱلْعَذَابُ وَلَا هُمْ

না-সি আজ্মা'ঈন্। ১৬২। খা-লিদীনা ফীহা-লা-ইয়ুখাফ্ফাফু 'আন্হুমুল্ 'আযা-বু অলা-হুম

সকল মানুষের লা'নত। (১৬২) তারা সেখানের চিরস্থায়ী। তাতে শাস্তি কখনও হাল্কা করা হবে না এবং অবকাশ

১৯ ع ১১ ৩ রুকু

يُنظَرُونَ ﴿١٦٢﴾ وَإِلَٰهُكُمْ إِلَٰهٌ وَٰحِدٌ ۖ لَّآ إِلَٰهَ إِلَّا هُوَ ٱلرَّحْمَٰنُ ٱلرَّحِيمُ ﴿١٦٣﴾ إِنَّ فِى

ইয়ুন্জোয়ারূন্। ১৬৩। অইলা-হুকুম্ ইলা-হুওঁ ওয়া-হিদুন্ লা~ ইলা-হা ইল্লা-হুওয়ার্ রাহ্মা-নুর্ রাহীম্। ১৬৪। ইন্না ফী

হবে না। (১৬৩) তোমাদের ইলাহ এক। তিনি ছাড়া আর কোন ইলাহ নেই, তিনি পরম দয়াময়, দয়ালু। (১৬৪) নিশ্চয়ই

خَلْقِ ٱلسَّمَٰوَٰتِ وَٱلْأَرْضِ وَٱخْتِلَٰفِ ٱلَّيْلِ وَٱلنَّهَارِ وَٱلْفُلْكِ ٱلَّتِى

খাল্কিস্ সামা-ওয়া-তি অল্ আর্দ্বি অখ্তিলা-ফিল্লাইলি অন্নাহা-রি অল্ফুল্কিল্ লাতী

আসমান ও যমীনের সৃষ্টিতে, রাত ও দিনের পরিবর্তনে, মানুষের কল্যাণের জন্য সাগরে বিচরণশীল

تَجْرِى فِى ٱلْبَحْرِ بِمَا يَنفَعُ ٱلنَّاسَ وَمَآ أَنزَلَ ٱللَّهُ مِنَ ٱلسَّمَآءِ مِن مَّآءٍ

তাজ্রী ফিল্ বাহ্রি বিমা-ইয়ান্ফা'উন্ না-সা অমা~ আন্যালাল্লা-হু মিনাস্ সামা — য়ি মিম্ মা — য়িন্

যেসব জাহাজ চলাচল করে, আল্লাহ আকাশ হতে যে পানি বর্ষণ করেন এবং তদ্দ্বারা মৃত

আয়াত-১৬৩ঃ নানাভাবেই আল্লাহ তা'আলার তাওহীদ সপ্রমাণিত রয়েছে। ১. তিনি একক, সমগ্র বিশ্বে তিনিই অতুলনীয়, কোন তাঁর কোন সমকক্ষ নেই। সুতরাং একক উপাস্য হওয়ার অধিকারও একমাত্র তাঁরই। ২. উপাস্য হওয়ার অধিকারেও তিনি একক, তিনি ছাড়া আর কেউই ই'বাদতের যোগ্য নয়। ৩. সত্তার দিক দিয়েও তিনি একক। তাঁর কোন শরীক নেই। তিনি শরীক ও অঙ্গ-প্রতঙ্গ হতে পবিত্র। তাঁর বিভক্তি হতে পারে না। ৪. তিনি তাঁর আদি ও অনন্ত সত্তার দিক দিয়েও একক। তিনি তখনও বিদ্যমান ছিলেন, যখন কিছুই ছিল না। অতএব, তিনিই একমাত্র সত্ত্বা যাকে এক বলা যেতে পারে। অতঃপর আল্লাহ তা'আলার প্রকৃত একত্ব সম্পর্কে বাস্তব লক্ষণ ও প্রমাণাদি হাজির করা হয়েছে, যা জ্ঞানী ও মূর্খ নির্বিশেষে সকলেই বুঝতে পারে। (মাঃ কোঃ)

فَأَحْيَا بِهِ الْأَرْضَ بَعْدَ مَوْتِهَا وَبَثَّ فِيهَا مِنْ كُلِّ دَابَّةٍ وَتَصْرِيفِ

ফাআহ্ইয়া-বিহিল্ আরদ্বোয়া বা'দা মাওতিহা-অবাছ্ছা ফীহা- মিন্ কুল্লি দা—ব্বা তিঁও অতাছ্রীফির্

ভূমিকে জীবিত করেন, আর তাতে যাবতীয় জীব জন্তু বিস্তার করেন ও বায়ুর দিক পরিবর্তনে

الرِّيَاحِ وَالسَّحَابِ الْمُسَخَّرِ بَيْنَ السَّمَاءِ وَالْأَرْضِ لَآيَاتٍ لِقَوْمٍ يَعْقِلُونَ ★

রিয়া-হি অস্ সাহা-বিল্ মুসাখ্খারি বাইনাস্ সামা — য়ি অল্আরদ্বি লাআ-ইয়া-তিল্ লিক্বাওমিই ইয়া'ক্বিলূন্।

এবং আকাশ ও পৃথিবীর মধ্যবর্তী নিয়ন্ত্রিত মেঘ মালাতে জ্ঞানবানদের জন্য অবশ্যই নিদর্শন রয়েছে।

﴿١٦٤﴾ وَمِنَ النَّاسِ مَنْ يَتَّخِذُ مِنْ دُونِ اللَّهِ أَنْدَادًا يُحِبُّونَهُمْ كَحُبِّ اللَّهِ ۖ

১৬৫। অমিনান্ না-সি মাইঁ ইয়াত্তাখিযু মিন্দূনিল্লা-হি আন্দা-দাইঁ ইয়ুহিব্বূনাহুম্ কাহুব্বিল্লা-হ্;

(১৬৫) আর মানুষের মধ্যে এমনও কেউ কেউ আছে যারা আল্লাহ ছাড়া অন্যকে সমকক্ষরূপে গ্রহণ করে

وَالَّذِينَ آمَنُوا أَشَدُّ حُبًّا لِلَّهِ ۗ وَلَوْ يَرَى الَّذِينَ ظَلَمُوا إِذْ يَرَوْنَ الْعَذَابَ

অল্লাযীনা আ-মানূ ~ আশাদ্দু হুব্বাল্লিল্লা-হ্; অলাও ইয়ারাল্লাযীনা জোয়ালামূ ~ ইয্ ইয়ারাওনাল্ 'আযা-বা

এবং আল্লাহকে ভালবাসার মত তাদেরকে ভালবাসে; কিন্তু যারা মু'মিন তারা আল্লাহর ভালবাসায় দৃঢ়। জালিমরা শাস্তি

أَنَّ الْقُوَّةَ لِلَّهِ جَمِيعًا وَأَنَّ اللَّهَ شَدِيدُ الْعَذَابِ ﴿١٦٥﴾ إِذْ تَبَرَّأَ الَّذِينَ اتُّبِعُوا

আন্নাল্ ক্বু.ও ওয়াতা লিল্লা-হি জ্বামী 'আওঁ অআন্নাল্লা-হা শাদীদুল্ 'আযা-ব। ১৬৬। ইয্ তাবার্‌রা আল্লাযীনাত্ তুবি'উ

দেখলে বুঝবে, নিশ্চয় সকল শক্তি আল্লাহ্রই। আল্লাহ্ কঠিন শাস্তিদাতা। (১৬৬) যাদের অনুসরণ করা হয়েছিল তারা যখন

مِنَ الَّذِينَ اتَّبَعُوا وَرَأَوُا الْعَذَابَ وَتَقَطَّعَتْ بِهِمُ الْأَسْبَابُ ﴿١٦٦﴾ وَقَالَ

মিনাল্লাযীনাত্ তাবা'উ অরায়ায়ুল্ 'আযা-বা অতাক্বাত্তোয়া'আত্ বিহিমুল্ আস্বা-ব্। ১৬৭। অক্বা-লাল্

তাদের অনুসরণকারীদের থেকে পৃথক হবে আর আযাব দেখবে এবং সমস্ত সম্পর্ক ছিন্ন করবে। (১৬৭) তখন

الَّذِينَ اتَّبَعُوا لَوْ أَنَّ لَنَا كَرَّةً فَنَتَبَرَّأَ مِنْهُمْ كَمَا تَبَرَّءُوا مِنَّا ۗ كَذَٰلِكَ يُرِيهِمُ

লাযীনাত্ তাবা'উ লাও আন্না লানা-কার্‌রাতান্ ফানাতাবার্‌রায়া মিনহুম্ কামা- তাবার্‌রায়ূ মিন্না-; কাযা-লিকা ইয়ুরীহিমুল্

অনুসরণকারীরা বলবে, হায়! যদি পুনরায় যেতে পারতাম তবে তাদের মত আমরাও সম্পর্ক ছিন্ন করতাম। এভাবে ২০

اللَّهُ أَعْمَالَهُمْ حَسَرَاتٍ عَلَيْهِمْ ۖ وَمَا هُمْ بِخَارِجِينَ مِنَ النَّارِ ﴿١٦٧﴾ يَا أَيُّهَا ع ৪ ৪

লা-হু আ'মা-লাহুম্ হাসারা-তিন্ 'আলাইহিম্; অমা-হুম্ বিখা-রিজ্বীনা মিনান্ না-র্। ১৬৮। ইয়া ~ আইয়্যুহান্ রুকু

আল্লাহ তাদের কৃতকর্মকে পরিতাপরূপে দেখাবেন, তারা জাহান্নাম হতে বের হতে পারবে না। (১৬৮) হে

শানেনুযূল ঃ আয়াত-১৬৮ ঃ অত্র আয়াতটি বনী ছকীফ ও খোযা'আ. আমের ইবনে ছ'ছা'আ প্রভৃতি আরব্য কাফেরদের সম্বন্ধে অবতীর্ণ হয়, যারা দেবতার নামে ছেড়ে দেয়া ষাঁড়ের গোশ্ত হারাম মনে করত। আয়াত-১৬৯ ঃ এ আয়াতে বলা হয়েছে যে, আল্লাহ তা'আলার যেসব প্রকৃষ্ট হেদায়েত নাযিল হয়েছে, সেসব মানুষের কাছে গোপন করা এত শক্ত গুনাহ, যার জন্য আল্লাহ নিজেও লা'নত করে থাকেন এবং সমগ্র সৃষ্টিও লা'নত করে। অবশ্য এর মাধ্যমে সেই জ্ঞানকে বুঝানো হয়েছে যা কোরআন ও সুন্নাহতে পরিষ্কারভাবে উল্লেখ আছে এবং যার প্রকাশ ও প্রচার করা অবশ্য কর্তব্য। (কুরতুবী, মাঃ কোঃ)

النَّاسُ كُلُوا مِمَّا فِي الْأَرْضِ حَلَالًا طَيِّبًا ۖ وَلَا تَتَّبِعُوا خُطُوَاتِ الشَّيْطَانِ ۚ

না-সু কুলূ মিম্মা-ফিল্ আরদ্বি হালা-লান্ ত্বোয়াইয়্যিবাওঁ অলা-তাত্তাবি'উ খুতু্ ওয়া-তিশ্ শাইত্বোয়া-ন্;

লোকেরা! তোমরা দুনিয়ার হালাল, পবিত্র বস্তু খাও এবং শয়তানের পদাংক অনুসরণ করো না।

إِنَّهُ لَكُمْ عَدُوٌّ مُبِينٌ ﴿١٦٨﴾ إِنَّمَا يَأْمُرُكُمْ بِالسُّوءِ وَالْفَحْشَاءِ وَأَنْ تَقُولُوا عَلَى

ইন্নাহূ লাকুম্ 'আদুওউম্ মুবীন্। ১৬৯। ইন্নামা- ইয়া''মুরুকুম্ বিস্সূ — য়ি অলফাহ্শা — য়ি অআন্তাকু্লূ 'আলাল

নিশ্চয়ই সে তোমাদের প্রকাশ্য শত্রু। (১৬৯) সে মন্দ ও অশ্লীলতা এবং আল্লাহ সম্বন্ধেএমন কথার নির্দেশ দেয় যা

اللَّهِ مَا لَا تَعْلَمُونَ ﴿١٦٩﴾ وَإِذَا قِيلَ لَهُمُ اتَّبِعُوا مَا أَنْزَلَ اللَّهُ قَالُوا بَلْ نَتَّبِعُ

ল-হি মা-লা-তা'লামূন্ ।১৭০। অইযা-ক্বীলা লাহুমুত্তাবি'উমা ~ আন্যালাল্লা-হু ক্বা-লূ বাল্ নাত্তাবি'উ

তোমরা জান না। (১৭০) যখন তাদের বলা হয় আল্লাহর অবতীর্ণ বস্তুর অনুসরণ কর, তখন তারা বলে, বাপ-

مَا أَلْفَيْنَا عَلَيْهِ آبَاءَنَا ۗ أَوَلَوْ كَانَ آبَاؤُهُمْ لَا يَعْقِلُونَ شَيْئًا وَلَا يَهْتَدُونَ *

মা~ আল্ফাইনা-'আলাইহি আ-বা — য়ানা-; আওয়ালাও কা-না আ-বা — য়ুহুম্ লা-ইয়া'ক্বিলূনা শাইয়াওঁ অলা-ইয়াহ্তাদূন্।

দাদাকে যাতে পেয়েছি তা-ই অনুসরণ করব; এমন কি! যদিও বাপ-দাদা কিছুই বুঝত না এবং হেদায়াত প্রাপ্ত ছিল না।

﴿١٧٠﴾ وَمَثَلُ الَّذِينَ كَفَرُوا كَمَثَلِ الَّذِي يَنْعِقُ بِمَا لَا يَسْمَعُ إِلَّا دُعَاءً وَنِدَاءً ۚ

১৭১। অমাছালুল্লাযীনা কাফারূ কামাছালিল্লাযী ইয়ান্'ইকু বিমা-লা-ইয়াস্মা'উ ইল্লা-দু'আ — য়াওঁ অনিদা — আ;

(১৭১) কাফেরদের উপমা ঐ ব্যক্তির ন্যায় যে চিৎকার করে ডাকে, যা ডাকে তা চিৎকার ছাড়া কোন কিছুই শুনে না। তারা

صُمٌّ بُكْمٌ عُمْيٌ فَهُمْ لَا يَعْقِلُونَ ﴿١٧١﴾ يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا كُلُوا مِنْ طَيِّبَاتِ مَا

ছুম্মুম্ বুকমুন্ 'উম্ইয়ুন ফাহুম লা-ইয়া'ক্বিলূন্। ১৭২। ইয়া~ আইয়্যুহাল্লাযীনা আ-মানূ কুলূ মিন্ তোয়াইয়্যিবা-তি মা-

বধির, বোবা ও অন্ধ, তারা কিছুই বুঝে না। (১৭২) হে মু'মিনরা! আমার দেয়া পবিত্র বস্তু হতে আহার কর।

رَزَقْنَاكُمْ وَاشْكُرُوا لِلَّهِ إِنْ كُنْتُمْ إِيَّاهُ تَعْبُدُونَ ﴿١٧٢﴾ إِنَّمَا حَرَّمَ عَلَيْكُمُ

রাযাক্ব্না-কুম্ অশ্কুরূ লিল্লা-হি ইন্কুন্তুম্ ইয়্যা-হু তা'বুদূন্। ১৭৩। ইন্নামা-হার্রামা 'আলাইকুমুল্

আর যদি তোমরা আল্লাহ্র এবাদত গুজার হও, তবে তাঁরই শুকরিয়া আদায় কর। (১৭৩) নিশ্চয় আল্লাহ তোমাদের ওপর

الْمَيْتَةَ وَالدَّمَ وَلَحْمَ الْخِنْزِيرِ وَمَا أُهِلَّ بِهِ لِغَيْرِ اللَّهِ ۖ فَمَنِ اضْطُرَّ غَيْرَ بَاغٍ

মাইতাতা অদ্দামা অলাহ্মাল্ খিন্যীরি অমা~উহিল্লা বিহী লিগাইরিল্লা-হি ফামানিদ্ব্ ত্বু্ররা গাইরা বা-গিওঁ

হারাম করে দিয়েছেন মৃত, রক্ত, শূকরের গোশ্ত এবং আল্লাহ ছাড়া অন্যের নাম উচ্চারিত হয় এমন বস্তু। কিন্তু যে অবাধ্য বা সীমা লংঘনকারী

আয়াত-১৭০ ঃ এ আয়াতে যে পূর্ব পুরুষের অনুসরণের কথা নিষেধ করা হয়েছে, তার আসল মর্ম হল, ভ্রান্ত এবং মিথ্যা বিশ্বাস ও কার্যকলাপের ক্ষেত্রে বাপ-দাদা ও পূর্ব পুরুষের অনুসরণ। প্রকৃত বিশ্বাস এবং সৎকর্মে তাদের অনুসরণ করা এর অন্তর্ভুক্ত নয়। (মাঃ কোঃ)

আয়াত-১৭৩ ঃ ১."মৃত জানোয়ার" সম্বন্ধে আলেমরা বলেন, এর গোশত খাওয়া, ব্যবহার করা, কেনা-বেচা করা কিংবা অন্য কোন পন্থায় লাভবান হওয়া হারাম। (মাঃ কোঃ) ২. "রক্ত" রক্ত খাওয়া যেমন হারাম, তেমনি অন্য কোনভাবে ব্যবহারও হারাম। রক্তের কেনা-বেচা এবং তা দিয়ে অর্জিত লাভও হারাম। (মাঃ কোঃ) ৩. আল্লাহ ছাড়া অন্য কারও সন্তুষ্টি বা নৈকট্য লাভের উদ্দেশে যা যবেহ করা হয়, যবেহের সময় আল্লাহর নাম নিয়ে যবেহ করলেও হারাম হবে। (মাঃ কোঃ)

وَّلَا عَادٍ فَلَآ اِثْمَ عَلَيْهِ ؕ اِنَّ اللّٰهَ غَفُوْرٌ رَّحِيْمٌ ﴿١٧٤﴾ اِنَّ الَّذِيْنَ يَكْتُمُوْنَ مَآ

অলা-'আ-দিন্ ফালা~ইছ্মা 'আলাইহি; ইন্নাল্লা-হা গাফূরুর্ রাহীম্। ১৭৪। ইন্নাল্লাযীনা ইয়াকতুমূনা মা~

না হয়ে অনন্যোপায় হয়ে পড়ে তার কোন পাপ হবে না; আল্লাহ ক্ষমাশীল, দয়াময়। (১৭৪) যারা গোপন করে, সেসব

اَنْزَلَ اللّٰهُ مِنَ الْكِتٰبِ وَيَشْتَرُوْنَ بِهٖ ثَمَنًا قَلِيْلًا ۙ اُولٰٓئِكَ مَا يَاْكُلُوْنَ فِىْ

আন্যালাল্লা-হু মিনাল্ কিতা-বি অইয়াশ্তারূনা বিহী ছামানান্ ক্বালীলান্ উলা — য়িকা মা-ইয়া'কুলূনা ফী

বিষয় যা আল্লাহ্ কিতাবে নাযিল করেছেন এবং তার বিনিময়ে সামান্য মূল্য গ্রহণ করে, তারা তো শুধু পেট ভর্তি করে

بُطُوْنِهِمْ اِلَّا النَّارَ وَلَا يُكَلِّمُهُمُ اللّٰهُ يَوْمَ الْقِيٰمَةِ وَلَا يُزَكِّيْهِمْ ۚ وَلَهُمْ

বুত্বূনিহিম্ ইল্লান্না-রা অলা-ইয়ুকাল্লিমুহুমুল্লা-হু ইয়াওমাল্ ক্বিয়া-মাতি অলা-ইয়ুযাক্কী হিম্ অলাহুম্

আগুন দিয়ে। আর কিয়ামতের দিন আল্লাহ তাদের সঙ্গে কথাও বলবেন না; আর তাদের জন্য রয়েছে

عَذَابٌ اَلِيْمٌ ﴿١٧٥﴾ اُولٰٓئِكَ الَّذِيْنَ اشْتَرَوُا الضَّلٰلَةَ بِالْهُدٰى وَالْعَذَابَ

'আযা-বুন আলীম্। ১৭৫। উলা — য়িকাললাযীনাশ্ তারায়ুদ্দ্বোলা-লাতা বিল্হুদা-অল্'আযা-বা

বেদনাদায়ক শাস্তি। (১৭৫) এরাই সত্যপথের পরিবর্তে অসৎ পথ এবং আযাব খরিদ করেছে

بِالْمَغْفِرَةِ ۚ فَمَآ اَصْبَرَهُمْ عَلَى النَّارِ ﴿١٧٦﴾ ذٰلِكَ بِاَنَّ اللّٰهَ نَزَّلَ الْكِتٰبَ بِالْحَقِّ ؕ

বিল্ মাগ্ফিরাতি ফামা-আছ্বারাহুম্ 'আলান না-র্। ১৭৬। যা-লিকা বিআন্নাল্লা-হা নায্যালাল্ কিতা-বা বিল্হাক্ব্ক্বি;

ক্ষমার পরিবর্তে আগুনের উপর তাদের কতই না ধৈর্য। (১৭৬) এটা এ কারণে যে, আল্লাহ হকসহ কিতাব নাযিল ২১ ع ৯ ৫ রুকু

وَاِنَّ الَّذِيْنَ اخْتَلَفُوْا فِى الْكِتٰبِ لَفِىْ شِقَاقٍ بَعِيْدٍ ﴿١٧٧﴾ لَيْسَ الْبِرَّ اَنْ

অইন্নাল্লাযীনাখ্তালাফূ ফিল্ কিতা-বি লাফী শিক্বা-ক্বিম্ বা'ঈদ্। ১৭৭। লাইসাল্ বির্‌রা আন্

করেছেন। আর যারা কিতাবে মতভেদ এনেছে তারা বিরোধিতায় সদূর প্রসারী। (১৭৭) সৎকর্ম কেবল এটাই

● এক চতুর্থাংশ

تُوَلُّوْا وُجُوْهَكُمْ قِبَلَ الْمَشْرِقِ وَالْمَغْرِبِ وَلٰكِنَّ الْبِرَّ مَنْ اٰمَنَ بِاللّٰهِ

তুওয়াল্লূ উজূহাকুম্ ক্বিবালাল্ মাশ্রিক্বি অল্ মাগ্রিবি অলা-কিন্নাল্ বির্‌রা মান্ আ-মানা বিল্লা-হি

নয় যে, তোমার মুখমণ্ডল পূর্ব বা পশ্চিম দিকে ফেরাবে; কিন্তু পুণ্য আছে ঈমান আনলে

وَالْيَوْمِ الْاٰخِرِ وَالْمَلٰٓئِكَةِ وَالْكِتٰبِ وَالنَّبِيّٖنَ ۚ وَاٰتَى الْمَالَ عَلٰى حُبِّهٖ

অল্ ইয়াওমিল্ আ-খিরি অল্মালা — য়িকাতি অল্কিতা-বি অন্নাবিয়্যীনা অ আ-তাল্ মা-লা 'আলা-হুব্বিহী

আল্লাহ, পরকাল, ফেরেশ্তা, কিতাব ও নবীদের প্রতি ; আর আল্লাহ্‌র মহব্বতে অর্থ খরচ করলে

আয়াত-১৭৪ ঃ আজ কাফেরদের আচার-আচরণ দেখলে মনে হয় তারা জাহান্নামের কষ্ট ও শাস্তির পরোয়াই করে না, যেন তাদের ধৈর্যের চাপেই দোযখের তাপ দূর হয়ে যাবে, যেন দোযখ তাদের কত প্রিয়। দোযখের আগুনই তাদের কাম্য। তাই তারা তাদের মনের আনন্দে, সাগ্রহে তারই দিকে ছুটে চলেছে। নিজেদের কার্যকলাপ এবং আচার-আচরণে অন্ততঃ তারই আয়োজন করছে। নতুবা দোযখ এবং ধৈর্য কোথায় কিসের কল্পনা। (তাফঃ তাহের) আয়াত-১৭৭ ঃ এ আয়াতের মর্মার্থ হল, আসল পুণ্য আল্লাহ তা'আলার আনুগত্যের মধ্যেই নিহিত। যেদিকে রোখ করে তিনি নামাযে দাঁড়াতে নির্দেশ দেন, তাই শুদ্ধ ও পুণ্যের কাজে পরিণত হয়ে যায়। অন্যথায় দিক হিসাবে পূর্ব-পশ্চিম, উত্তর-দক্ষিণের কোনই গুরুত্ব নেই। (মাঃ কোঃ)

ذَوِى الْقُرْبٰى وَالْيَتٰمٰى وَالْمَسٰكِيْنَ وَابْنَ السَّبِيْلِ ۙ وَالسَّآئِلِيْنَ وَفِى

যাওয়িল্ কু্রবা- অল্ইয়াতা-মা- অল্মাসা-কীনা অব্নাস্ সাবীলি অস্সা —য়িলীনা অফির্

আত্মীয়-স্বজন, ইয়াতীম, পথের কাঙ্গাল, ভিক্ষুক ও দাস মুক্তির জন্য, আর

الرِّقَابِ ۚ وَاَقَامَ الصَّلٰوةَ وَاٰتَى الزَّكٰوةَ ۚ وَالْمُوْفُوْنَ بِعَهْدِهِمْ اِذَا

রিক্বা-ব্; অআক্বা-মাছ্ ছলা-তা অআ-তায্ যাকা-তা অল্মূফূনা বি'আহ্দিহিম্ ইযা-

নামায প্রতিষ্ঠা করলে, যাকাত দিলে, ওয়াদা দিয়ে পালন করলে এবং

عٰهَدُوْا ۚ وَالصّٰبِرِيْنَ فِى الْبَاْسَآءِ وَالضَّرَّآءِ وَحِيْنَ الْبَاْسِ ۗ اُولٰٓئِكَ

'আ-হাদূ অছ্ছোয়া-বিরীনা ফিল্বা'' সা —য়ি অদ্ব্ দ্বোয়ার্রা~ য়ি অহীনাল্ বা'স্; উলা —য়িকাল

ধৈর্য ধারণ করলে অভাবে, দুঃখ-কষ্টে ও যুদ্ধে; এরাই সত্যপরায়ন

الَّذِيْنَ صَدَقُوْا ۗ وَاُولٰٓئِكَ هُمُ الْمُتَّقُوْنَ ﴿١٧٨﴾ يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا كُتِبَ

লাযীনা ছদাক্বূ ; অউলা —য়িকা হুমুল্ মুত্তাক্বূন্। ১৭৮। ইয়া~ আইয়্যুহাল্লাযীনা আ-মানূ কুতিবা

এবং এরাই মুত্তাকী। (১৭৮) হে মু'মিনরা! নিহতদের ব্যাপারে কিছাছ ফরয

عَلَيْكُمُ الْقِصَاصُ فِى الْقَتْلَى ۗ اَلْحُرُّ بِالْحُرِّ وَالْعَبْدُ بِالْعَبْدِ وَالْاُنْثٰى

'আলাইকুমুল্ ক্বিছোয়া-ছু ফিল্ ক্বাত্লা-; আল্ হুররু বিল্হুররি অল্'আব্দু বিল্'আব্দি অল্ উন্ছা-

করা হল। স্বাধীন ব্যক্তির পরিবর্তে স্বাধীন ব্যক্তি, গোলামের পরিবর্তে গোলাম এবং নারীর পরিবর্তে নারী;

بِالْاُنْثٰى ۗ فَمَنْ عُفِىَ لَهٗ مِنْ اَخِيْهِ شَىْءٌ فَاتِّبَاعٌ بِالْمَعْرُوْفِ وَاَدَآءٌ

বিল্উন্ছা-; ফামান্'উফিয়া লাহূ মিন্ আখীহি শাইয়ুন্ ফাত্তিবা-'উম্ বিল্মা'রূফি অআদা —উন্

কিন্তু তার ভাইয়ের পক্ষ হতে কিছুটা ক্ষমা করা হলে যথাযথ বিধি পালন করা এবং সততার সাথে তার

اِلَيْهِ بِاِحْسَانٍ ۗ ذٰلِكَ تَخْفِيْفٌ مِّنْ رَّبِّكُمْ وَرَحْمَةٌ ۗ فَمَنِ اعْتَدٰى بَعْدَ

ইলাইহি বিইহ্সা-ন্; যা-লিকা তাখ্ফীফুম্ মির্ রব্বিকুম্ অরাহ্মাহ্; ফামানি'তাদা- বা'দা

পাওনা আদায় করা বিধেয়; এটা রবের পক্ষ হতে লাঘব ও রহমতস্বরূপ। এর পরও যে সীমা লংঘন করে

ذٰلِكَ فَلَهٗ عَذَابٌ اَلِيْمٌ ﴿١٧٩﴾ وَلَكُمْ فِى الْقِصَاصِ حَيٰوةٌ يّٰٓاُولِى الْاَلْبَابِ

যা-লিকা ফালাহূ 'আযা-বুন্ আলীম্। ১৭৯। অলাকুম্ ফিল্ক্বিছোয়া-ছি হাইয়া-তুই ইয়া~ উলিল্ আল্আ-বি

তার জন্য রয়েছে পীড়াদায়ক আযাব। (১৭৯) হে জ্ঞানবান! কিছাছের মধ্যে রয়েছে তোমাদের জীবন যেন তোমরা

শানেনুযূল ঃ আয়াত - ১৭৮ ঃ ইসলাম-এর আবির্ভাবের কিছু দিন পূর্বে আরবের দু সম্প্রদায়ের মধ্যে ভীষণ যুদ্ধ সংঘটিত হয়েছিল। বিজয়ী সম্প্রদায় বিজেতা সম্প্রদায়ের অনেক দাসদাসী ও নারীদের হত্যা করে। রাসূলুল্লাহ (ছঃ) রসূল হিসাবে প্রেরিত হলেন, তারা মুসলমান হয়ে গেল; কিন্তু পূর্ববর্তী যুদ্ধের প্রতিশোধ গ্রহণের মনোভাবের কোন পরিবর্তন ইসলাম গ্রহণের কারণে আসেনি, অধিকন্তু বিজেতা গোত্রটি একটি সম্মানিত উচ্চ নামী বংশের মধ্যে পরিগণিত হত। তাই তারা তাদের উপর বিজয়ী গোত্রকে বলল যে, আমরা আমাদের এক গোলামের পরিবর্তে তোমাদের একটি আজাদ ব্যক্তিকে এবং আমাদের একজন নারীর পরিবর্তে তোমাদের একজন পুরুষকে হত্যা করব। তখন অত্র আয়াত অবতীর্ণ হয়।

لَعَلَّكُمْ تَتَّقُونَ ﴿١٨٠﴾ كُتِبَ عَلَيْكُمْ إِذَا حَضَرَ أَحَدَكُمُ الْمَوْتُ إِنْ تَرَكَ

লা'আল্লাকুম্ তাত্তাক্বূ্ন্ ।১৮০। কুতিবা 'আলাইকুম্ ইযা-হাদ্বোয়ারা আহাদাকুমুল্ মাওতু ইন্ তারাকা

সাবধান হতে পার। (১৮০) তোমাদের কারও যখন মৃত্যু সময় উপস্থিত হয়, তখন সে যদি ধন-সম্পত্তি রেখে যায় তবে

خَيْرًا ۖ الْوَصِيَّةُ لِلْوَالِدَيْنِ وَالْأَقْرَبِينَ بِالْمَعْرُوفِ ۖ حَقًّا عَلَى الْمُتَّقِينَ

খাইরা-নিল্ ওয়াছিয়্যাতু লিল্ওয়া-লিদাইনি অল্ আক্ব্রাবীনা বিল্মা'রূফি হাক্ব্ক্বান্ 'আলাল্ মুত্তাক্বীন।

ন্যায়সঙ্গতভাবে মাতা-পিতা ও আত্মীয়দের জন্য ওছীয়ত করার বিধান দেয়া হল, এটা মুত্তাকীদের জন্য কর্তব্য।

﴿١٨١﴾ فَمَنْ بَدَّلَهُ بَعْدَ مَا سَمِعَهُ فَإِنَّمَا إِثْمُهُ عَلَى الَّذِينَ يُبَدِّلُونَهُ ۚ إِنَّ اللَّهَ

১৮১। ফামাম্বাদ্দা লাহূ বা'দা মা-সামি'আহূ ফাইন্নামা~ইছমুহূ 'আলাল্লাযীনা ইয়ুবাদ্দিলূনাহ্; ইন্নাল্লা-হা

(১৮১) শুনবার পর যদি কেউ এটাকে বদলায় তবে এর পাপ পরিবর্তনকারীদের উপরই বর্তাবে, আল্লাহ মহাশ্রবণকারী,

سَمِيعٌ عَلِيمٌ ﴿١٨٢﴾ فَمَنْ خَافَ مِنْ مُوصٍ جَنَفًا أَوْ إِثْمًا فَأَصْلَحَ بَيْنَهُمْ فَلَا إِثْمَ

সামী'উন্ 'আলীম্। ১৮২। ফামান্ খা-ফা মিম্ মূছিন্ জ্বানাফান্ আও ইছ্মান্ ফাআছ্লাহা বাইনাহুম্ ফালা~ ইছ্মা

মহাজ্ঞানী। (১৮২) কেউ অছীয়তকারীর পক্ষপাতিত্ব বা অন্যায়ের আশঙ্কা করলে যদি এদের মাঝে মিটমাট করে দিলে, ২২

عَلَيْهِ ۚ إِنَّ اللَّهَ غَفُورٌ رَحِيمٌ ﴿١٨٣﴾ يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا كُتِبَ عَلَيْكُمُ الصِّيَامُ ع ٦

'আলাইহি; ইন্নাল্লা-হা গাফূরুর্ রাহীম্। ১৮৩। ইয়া~ আইয়্যুহাল্লাযী-না আ-মানূ কুতিবা 'আলাইকুমুছ্ ছিয়া-মু রুকু

তাতে কোন পাপ নেই। আল্লাহ ক্ষমাশীল দয়ালু। (১৮৩) হে মু'মিনরা! তোমাদের উপর রোযা ফরয করা হল যেমন

كَمَا كُتِبَ عَلَى الَّذِينَ مِنْ قَبْلِكُمْ لَعَلَّكُمْ تَتَّقُونَ ﴿١٨٤﴾ أَيَّامًا مَعْدُودَاتٍ ۚ

কামা-কুতিবা 'আলাল্লাযীনা মিন্ ক্বাব্লিকুম্ লা'আল্লাকুম্ তাত্তাক্বূ্ন্। ১৮৪। আইয়্যা-মাম্ মা'দূদা-ত;

তোমাদের পূর্ববর্তীদের উপর ফরয করা হয়েছিল, যেন তোমরা মুত্তাকী হতে পার। (১৮৪) (রোযা) কয়েকটি নির্দিষ্ট দিনের জন্য;

فَمَنْ كَانَ مِنْكُمْ مَرِيضًا أَوْ عَلَى سَفَرٍ فَعِدَّةٌ مِنْ أَيَّامٍ أُخَرَ ۚ وَعَلَى الَّذِينَ

ফামান্ কা-না মিন্কুম্ মারীদ্বোয়ান্ আও 'আলা- সাফারিন্ ফা'ইদ্দাতুম্ মিন্ আইয়্যা-মিন্ উখার্; অ'আলাল্লাযীনা

তবে যদি তোমাদের কেউ পীড়িত থাকে বা সফরে থাকে, তবে অন্য সময় এ সংখ্যা পূরণ করে নেবে। আর যারা রোযা

يُطِيقُونَهُ فِدْيَةٌ طَعَامُ مِسْكِينٍ ۖ فَمَنْ تَطَوَّعَ خَيْرًا فَهُوَ خَيْرٌ لَهُ ۚ وَأَنْ

ইয়ুত্বীক্বূনাহূ ফিদ্ইয়াতুন্ ত্বোয়া'আ-মু মিস্কীন্; ফামান্ তাত্বোয়াও য়্যা'আ খাইরান্ ফাহুওয়া খাইরুল্লাহূ; অআন্

রাখতে অক্ষম তারা ফিদিয়া হিসাবে খাদ্য দেবে মিসকীনদের, যদি কেউ স্বেচ্ছায় সৎকাজ করে এটা তার জন্য উত্তম।

আয়াত-১৮২ ঃ ব্যাখ্যা হল, সামঞ্জস্যের বিধান এ উদ্দেশ্যে যে, কিসাস অনুসারে প্রত্যেক আযাদ ব্যক্তির পরিবর্তে কেবল ঐ এক আযাদ ব্যক্তিকেই হত্যা করতে হবে। এ উদ্দেশে নয় যে, একজনের বদলে এক-এর বেশি ব্যক্তিকে হত্যা করবে। (তাফঃ মাহঃ হাসাঃ) আয়াত-১৮৪ঃ ইসলামের প্রাথমিক যুগে সুস্থ সবল লোকদের জন্য রোযা না রেখে ফিদইয়া দান করার সুযোগ ছিল। পরবর্তীতে এ নির্দেশ রহিত করা হয়েছে। কিন্তু যে সব লোক অতিরিক্ত বার্ধক্যজনিত কারণে রোযা রাখতে অক্ষম বা দুরারোগ্য ব্যধিতে আক্রান্ত হয়ে স্বাস্থ্য পুনরুদ্ধারের ব্যাপারে একেবারেই নিরাশ হয়ে পড়েছে, সেসব লোকের ক্ষেত্রে উক্ত নির্দেশটি এখনও কার্যকর। সাহাবী ও তাবেয়ীদের সর্বসম্মত অভিমত এটাই। (মাঃ কোঃ)

تَصُومُوا خَيْرٌ لَّكُمْ إِن كُنتُمْ تَعْلَمُونَ ﴿١٨٤﴾ شَهْرُ رَمَضَانَ الَّذِي أُنزِلَ فِيهِ

তাছূমূ খাইরুল্লাকুম্ ইন্ কুন্তুম্ তা'লামূন্। ১৮৫। শাহরু রামাদ্বোয়া-নাল্ লাযী~ উন্যিলা ফীহিল্

রোযা তোমাদের জন্য কল্যাণকর যদি তোমরা বোঝ। (১৮৫) রমযান মাস হল সেই মাস যাতে কোরআন অবতীর্ণ

الْقُرْآنُ هُدًى لِّلنَّاسِ وَبَيِّنَاتٍ مِّنَ الْهُدَىٰ وَالْفُرْقَانِ ۚ فَمَن شَهِدَ

ক্বুরআ-নু হুদাল্ লিন্না-সি অবাইয়্যিনা-তিম্ মিনাল্ হুদা- অল্ ফুরক্বা-নি ফামান্ শাহিদা

হয়েছে মানুষের পথ প্রদর্শক, সত্যপথের উজ্জ্বল নিদর্শন ও সত্য মিথ্যার পার্থক্যকারী রূপে। তোমাদের মধ্যে যে এই

مِنكُمُ الشَّهْرَ فَلْيَصُمْهُ ۖ وَمَن كَانَ مَرِيضًا أَوْ عَلَىٰ سَفَرٍ فَعِدَّةٌ مِّنْ أَيَّامٍ

মিন্কুমুশ্ শাহ্রা ফাল্ইয়াছুম্হু অমান্ কা-না মারীদ্বোয়ান্ আও 'আলা-সাফারিন্ ফা'ইদ্দাতুম্ মিন্ আই ইয়া-মিন্

মাস পায় সে যেন রোযা রাখে। আর যে অসুস্থ বা সফরে থাকে, সে অন্য সময়ে ঐ সংখ্যা পূর্ণ করবে।

أُخَرَ ۗ يُرِيدُ اللَّهُ بِكُمُ الْيُسْرَ وَلَا يُرِيدُ بِكُمُ الْعُسْرَ وَلِتُكْمِلُوا الْعِدَّةَ

উখার্; ইয়ুরীদুল্লা-হু বিকুমুল্ ইয়ুস্রা অলা-ইয়ুরীদু বিকুমুল্ 'উস্রা অলিতুক্মিলুল্ 'ইদ্দাতা-

আল্লাহ তোমাদের জন্য সহজ করতে চান, কঠিন চান না; যেন তোমরা দিন সংখ্যা পূর্ণ করতে পার। আর সৎপথে চালানোর

وَلِتُكَبِّرُوا اللَّهَ عَلَىٰ مَا هَدَاكُمْ وَلَعَلَّكُمْ تَشْكُرُونَ ﴿١٨٥﴾ وَإِذَا سَأَلَكَ عِبَادِي

অলিতুকাব্বিরুল্লা-হা 'আলা- মা-হাদা-কুম্ অলা'আল্লাকুম্ তাশ্কুরূন্। ১৮৬। অইযা-সায়ালাকা 'ইবা-দী

কারণে তোমরা আল্লাহ্র মহত্ত্ব ঘোষণা করতে পার এবং শুকর করতে পার। (১৮৬) যখন বান্দারা আমার ব্যাপারে

عَنِّي فَإِنِّي قَرِيبٌ ۖ أُجِيبُ دَعْوَةَ الدَّاعِ إِذَا دَعَانِ ۖ فَلْيَسْتَجِيبُوا لِي

'আন্নী ফাইন্নী ক্বারীব্; উজীবু দা'ওয়াতাদ্দা-'ই ইযা-দা'আ-নি ফাল্ইয়াস্তাজীবূ লী

প্রশ্ন করে, আমি তো নিকটেই রয়েছি। আমি সাড়া দেই, প্রার্থনাকারীর প্রার্থনায়; তাদেরও উচিত আমার ডাকে

وَلْيُؤْمِنُوا بِي لَعَلَّهُمْ يَرْشُدُونَ ﴿١٨٦﴾ أُحِلَّ لَكُمْ لَيْلَةَ الصِّيَامِ الرَّفَثُ إِلَىٰ

অল্ইয়ু'' মিনূ বী লা'আল্লাহুম্ ইয়ার্শুদূন্। ১৮৭। উহিল্লা লাকুম্ লাইলাতাছ্ ছিয়া-মির্ রাফাছু ইলা-

সাড়া দেয়া ও আমাকে বিশ্বাস করা যেন তারা সুপথ পায়। (১৮৭) তোমাদের জন্য রোযার রাতে আপন স্ত্রী সহবাস

نِسَائِكُمْ ۚ هُنَّ لِبَاسٌ لَّكُمْ وَأَنتُمْ لِبَاسٌ لَّهُنَّ ۗ عَلِمَ اللَّهُ أَنَّكُمْ

নিসা —য়িকুম্; হুন্না লিবা-সুল্ লাকুম্ অআন্তুম্ লিবা-সুল্ লাহুন্; 'আলিমাল্লা-হু আন্নাকুম্

হালাল করা হল। তারা তোমাদের পোশাক আর তোমরা তাদের পোশাক। আল্লাহ জানতেন, তোমরা

শানেনুযূল ঃ আয়াত-১৮৬ ঃ এক গ্রাম্য লোক একদা রাসূলুল্লাহ (ছঃ)-এর নিকট এসে জিজ্ঞেস করল, হে আল্লাহর রাসূল! আমাদের পালনকর্তা কি আমাদের নিকটে, যাতে আমরা চুপি চুপি প্রার্থনা করতে পারি? নাকি দূরে যাতে আমাদেরকে চীৎকার করে প্রার্থনা করতে হবে? তখন অত্র আয়াত নাযিল হয়। (বয়ানুল কোরআন)

শানেনুযূল ঃ আয়াত-১৮৭ ঃ ইসলামের প্রথম যুগে নিদ্রা যাওয়ার পর হতে রোযা শুরু হয়ে যেত এবং তখন হতেই পানাহার ও স্ত্রী সহবাস ইত্যাদি হারাম হয়ে যেত। একবার কায়েস ইবনে ছিরমা আন্ছারী সারাদিন পরিশ্রমের পর ইফতারের সময় ঘরে ফিরে স্ত্রীর নিকট খাবার চাইলে তিনি বললেন যে, ঘরে তো কিছুই নেই; আপনি বসুন, আমি অন্যের ঘর হতে চেয়ে আনছি, এ বলে তিনি চলে

كُنْتُمْ تَخْتَانُوْنَ اَنْفُسَكُمْ فَتَابَ عَلَيْكُمْ وَعَفَا عَنْكُمْ ۚ فَالْئٰنَ

কুন্‌তুম্ তাখ্‌তা-নূনা আন্‌ফুসাকুম্ ফাতা-বা 'আলাইকুম্ অ'আফা- 'আন্‌কুম্ ফাল্‌য়া-না

নিজেদের সঙ্গে প্রতারণা করছ। তিনি তোমাদের প্রতি সদয় হলেন এবং ক্ষমা করলেন। সুতরাং তোমরা

بَاشِرُوْهُنَّ وَابْتَغُوْا مَا كَتَبَ اللّٰهُ لَكُمْ ۪ وَكُلُوْا وَاشْرَبُوْا حَتّٰى يَتَبَيَّنَ

বা-শিরূহুন্না অব্‌তাগূ-মা-কাতাবাল্লা-হু লাকুম্ অকুলূ অশ্‌রাবূ হাত্তা- ইয়াতাবাইয়্যানা

এখন সহবাস করতে পার এবং আল্লাহ্‌র নির্ধারিত বস্তু তালাস কর। রাতের কালরেখা হতে প্রভাতের সাদারেখা স্পষ্ট

لَكُمُ الْخَيْطُ الْاَبْيَضُ مِنَ الْخَيْطِ الْاَسْوَدِ مِنَ الْفَجْرِ ۪ ثُمَّ اَتِمُّوا الصِّيَامَ

লাকুমুল্ খাইত্বু-ল্ আব্‌ইয়াদ্বু মিনাল্ খাইত্বিল্ আস্‌ওয়াদি মিনাল্ ফাজ্‌রি ছুম্মা আতিম্মুছ্ ছিয়া-মা

হওয়ার পূর্ব মুহূর্ত পর্যন্ত পানাহার কর। তারপর রাত পর্যন্ত রোযা পূর্ণকর। মসজিদে ই'তিকাফ করা অবস্থায়

اِلَى الَّيْلِ ۚ وَلَا تُبَاشِرُوْهُنَّ وَاَنْتُمْ عٰكِفُوْنَ ۙ فِي الْمَسٰجِدِ ؕ تِلْكَ حُدُوْدُ

ইলাল্ লাইলি অলা-তুবা-শিরূহুন্না অআন্‌তুম্ 'আ-কিফূনা ফিল্ মাসা-জ্বিদ্; তিল্‌কা হুদূদুল্

স্ত্রীদের সঙ্গে সহবাস করবে না। এটাই আল্লাহ্‌র নির্ধারিত সীমা, সুতরাং এর নিকটেও যেয়ো না, এমনিভাবে

اللّٰهِ فَلَا تَقْرَبُوْهَا ؕ كَذٰلِكَ يُبَيِّنُ اللّٰهُ اٰيٰتِهٖ لِلنَّاسِ لَعَلَّهُمْ يَتَّقُوْنَ ﴿١٨٧﴾ وَلَا

লা- হি ফালা- তাক্বরাবূহা-; কাযা-লিকা ইয়ুবাইয়িনুল্লা-হু আ-ইয়া-তিহী লিন্না-সি লা'আল্লাহুম্ ইয়াত্তাকূ্ন। ১৮৮। অলা-

আল্লাহ স্বীয় নিদর্শনাবলী মানুষের জন্য ব্যাখ্যা করেন, যেন তারা মোত্তাকী হয়। (১৮৮) তোমরা

تَاْكُلُوْۤا اَمْوَالَكُمْ بَيْنَكُمْ بِالْبَاطِلِ وَتُدْلُوْا بِهَاۤ اِلَى الْحُكَّامِ لِتَاْكُلُوْا

তা''কুলূ~ আম্‌ওয়া-লাকুম্ বাইনাকুম্ বিল্‌বা-ত্বিলি অতুদ্‌লূ বিহা~ ইলাল্ হুক্কা-মি লিতা''কুলূ

পরস্পরের সম্পত্তি গ্রাস করো না এবং অন্যায়ভাবে গ্রাস করার জন্য বিচারকের নিকট

فَرِيْقًا مِّنْ اَمْوَالِ النَّاسِ بِالْاِثْمِ وَاَنْتُمْ تَعْلَمُوْنَ ﴿١٨٨﴾ يَسْـَٔلُوْنَكَ عَنِ ২৩ ع ৬ ৭ রুকু

ফারীক্বাম্ মিন্ আম্‌ওয়া-লিন্ না-সি বিল্ ইছ্‌মি অআন্‌তুম তা'লামূন্।১৮৯। ইয়াস্‌আলূনাকা 'আনিল্

এটা উপস্থিত করো না, অথচ এ বিষয়ে তোমরা অবগত আছ। (১৮৯) লোকেরা আপনাকে নতুন

الْاَهِلَّةِ ؕ قُلْ هِيَ مَوَاقِيْتُ لِلنَّاسِ وَالْحَجِّ ؕ وَلَيْسَ الْبِرُّ بِاَنْ تَاْتُوا

আহিল্লাহ্; ক্বু-ল্ হিয়া মাওয়া-ক্বীতু লিন্না-সি অল্ হাজ্জ্; অলাইসাল্ বিররু বি আন্ তা''তুল্

চাঁদ সম্পর্কে জিজ্ঞেস করে, বলুন ওটা সময় নির্দেশক মানুষ ও হজ্জের জন্য; ঘরের

গেলেন। এদিকে তিনি শুয়ে পড়তেই নিদ্রাভিভূত হয়ে পড়লেন। তখন আয়াতটি নাযিল হয়। অনুরূপ হযরত ওমর (রাঃ) নিদ্রার পর আপন স্ত্রীর সাথে সঙ্গম করে ফেলেন এবং ভোর বেলায় রাসূল (ছঃ)-এর দরবারে উপস্থিত হয়ে উক্ত ঘটনার বর্ণনা দেন। তখনই আয়াতটি নাযিল হয়। (বয়ানুল কোরআন) শানেনুযূল ঃ আয়াত-১৮৯ ঃ আরবদের জাহেলী ধারণা ছিল যে, ইহ্‌রাম বাঁধার পর ঘরের সামনের দরজা দিয়ে প্রবেশ করা মহাপাপ আর পিছনের দরজা দিয়ে প্রবেশ করা পুণ্যের কাজ। উক্ত ধারণার অপনোদনে এ আয়াতটি অবতীর্ণ হয়।

الْبُيُوتَ مِنْ ظُهُورِهَا وَلَٰكِنَّ الْبِرَّ مَنِ اتَّقَىٰ ۚ وَأْتُوا الْبُيُوتَ مِنْ أَبْوَابِهَا ۖ

বুইয়ূতা মিন্ জুহূরিহা- অলা-কিন্নাল্ বির্‌রা মানিত্তাক্বা- অ'তুল্ বুইয়ূতা মিন্ আব্‌ওয়া-বিহা-
পিছন দিয়ে প্রবেশের মধ্যে পুণ্য নেই। বরং তাক্‌ওয়ার মধ্যে পুণ্য। ঘরের দরজা দিয়েই প্রবেশ কর, আর

وَاتَّقُوا اللَّهَ لَعَلَّكُمْ تُفْلِحُونَ ﴿١٨٩﴾ وَقَاتِلُوا فِي سَبِيلِ اللَّهِ الَّذِينَ

অত্তাক্বুল্লা-হা লা'আল্লাকুম্ তুফ্‌লিহূন্। ১৯০। অক্বা-তিলূ ফী সাবীলিল্লা-হিল্ লাযীনা
আল্লাহকে ভয় কর, যেন কৃতকার্য হতে পার। (১৯০) তোমাদের বিরুদ্ধে যারা যুদ্ধ করে, তাদের

يُقَاتِلُونَكُمْ وَلَا تَعْتَدُوا ۚ إِنَّ اللَّهَ لَا يُحِبُّ الْمُعْتَدِينَ ﴿١٩٠﴾ وَاقْتُلُوهُمْ

ইয়ুক্বা-তিলূনাকুম্ অলা-তা'তাদূ; ইন্নাল্লা-হা লা-ইয়ুহিব্বুল্ মু'তাদীন্। ১৯১। অক্‌তুলূহুম্
বিরুদ্ধে তোমরাও যুদ্ধ কর, সীমালংঘন করো না। নিশ্চয়ই আল্লাহ সীমালংঘনকারীদের ভালবাসেন না। (১৯১) যেখানে পাও

حَيْثُ ثَقِفْتُمُوهُمْ وَأَخْرِجُوهُمْ مِنْ حَيْثُ أَخْرَجُوكُمْ ۚ وَالْفِتْنَةُ أَشَدُّ مِنَ

হাইছু ছাক্বিফ্‌তুমূহুম্ অআখ্‌রিজূহুম্ মিন্ হাইছু আখ্‌রাজূকুম্ অল্ ফিত্‌নাতু আশাদ্দু মিনাল্
হত্যা কর, তাদেরকে ঐস্থান হতে বের করে দাও যেস্থান হতে তোমাদের বের করে, ফিতনা হত্যার চেয়ে মারাত্মক।

الْقَتْلِ ۚ وَلَا تُقَاتِلُوهُمْ عِنْدَ الْمَسْجِدِ الْحَرَامِ حَتَّىٰ يُقَاتِلُوكُمْ فِيهِ ۚ

ক্বাত্‌লি অলা-তুক্বা-তিলূহুম্ 'ইন্‌দাল্ মাস্‌জ্বিদিল্ হারা-মি হাত্তা-ইয়ুক্বা-তিলূকুম্ ফীহি'
মসজিদে হারামে ততক্ষণ পর্যন্ত যুদ্ধ করো না, যে পর্যন্ত না তারা তোমাদের সঙ্গে যুদ্ধ করে। তারা হত্যা করলে,

فَإِنْ قَاتَلُوكُمْ فَاقْتُلُوهُمْ ۗ كَذَٰلِكَ جَزَاءُ الْكَافِرِينَ ﴿١٩١﴾ فَإِنِ انْتَهَوْا فَإِنَّ اللَّهَ

ফাইন্ ক্বা-তালূকুম্ ফাক্বু্তুলূহুম্; কাযা-লিকা জ্বাযা — উল্ কা-ফিরীন্। ১৯২। ফাইনিন্ তাহাও ফাইন্নাল্লা-হা
তোমরাও কর। এটাই কাফেরদের প্রতিফল। (১৯২) যদি তারা বিরত হয়, তবে আল্লাহ

غَفُورٌ رَحِيمٌ ﴿١٩٢﴾ وَقَاتِلُوهُمْ حَتَّىٰ لَا تَكُونَ فِتْنَةٌ وَيَكُونَ الدِّينُ لِلَّهِ ۖ

গাফূরুর্ রাহীম্। ১৯৩। অক্বা-তিলূহুম্ হাত্তা- লা-তাকূনা ফিত্‌নাতুওঁ অইয়াকূনাদ্দীনু লিল্লা-হ্;
ক্ষমাশীল, দয়ালু। (১৯৩) তাদের বিরুদ্ধে যুদ্ধ কর যে পর্যন্ত না ফেতনা দূরীভূত হয় এবং আল্লাহ্‌র দ্বীন প্রতিষ্ঠিত হয়,

فَإِنِ انْتَهَوْا فَلَا عُدْوَانَ إِلَّا عَلَى الظَّالِمِينَ ﴿١٩٣﴾ الشَّهْرُ الْحَرَامُ بِالشَّهْرِ الْحَرَامِ

ফাইনিন্ তাহাও ফালা-'উদ্‌ওয়া-না ইল্লা-'আলাজ্ জোয়া-লিমীন্। ১৯৪। আশ্‌শাহ্‌রুল্ হারা-মু বিশ্‌শাহ্‌রিল্ হারা-মি
যদি তারা বিরত হয়, তবে জালিম ছাড়া কারো প্রতি শত্রুতা নেই। (১৯৪) সম্মানিত মাসের বিনিময়ে সম্মানিত মাস,

শানেনুযূল ঃ আয়াত-১৯১ ঃ বর্বর যুগে এবং ইসলামের প্রাথমিক যুগে আরববাসীরা যিলকদ, যিলহজ্জ, মহররম ও রজব এ চার মাসকে সম্মানিত মনে করত এবং এ মাসগুলোতে যুদ্ধ-বিগ্রহ করা হারাম জানত। ৬ষ্ঠ হিজরী সনে যাকে হোদায়বিয়ার সন বলা হয়' যখন মক্কার মুশরিকরা রাসূলুল্লাহ্ (ছঃ)-কে ওমরা করতে দিল না এবং পরবর্তী বছর কাজা ওমরা আদায় করার উপর পরস্পর চুক্তি সম্পাদিত হল। তখন পরবর্তী বছর যিলকদ মাসে সাহাবায়ে কেরাম সন্দিগ্ধ হলেন যে, 'আরবের মুশরিকরা যদি চুক্তিনামার অনুকূলে প্রতিশ্রুতি পূর্ণ না করে, তবে অনিবার্যভাবেই যুদ্ধের দামামা বেজে উঠবে আর সম্মানিত মাসে আমরা যুদ্ধ করব না, তখন অনেক বিপদই হবে।' তখন আল্লাহ্ তা'আলা উক্ত মাসে যুদ্ধের অনুমতি দিয়ে অত্র আয়াত নাযিল করেন।

وَالْحُرُمٰتُ قِصَاصٌ ۚ فَمَنِ اعْتَدٰى عَلَيْكُمْ فَاعْتَدُوْا عَلَيْهِ بِمِثْلِ مَا اعْتَدٰى

অল্ হুরুমা-তু ক্বিছোয়া-ছু; ফামানি' তাদা-'আলাইকুম্ ফা'তাদূ 'আলাইহি বিমিছ্লি মা' তাদা-

সম্মানিত বস্তুর বিনিময় কিসাস আছে। যে তোমাদের উপর জবরদস্তি করে তোমরাও তার উপর অনুরূপ

عَلَيْكُمْ ۖ وَاتَّقُوا اللّٰهَ وَاعْلَمُوْٓا اَنَّ اللّٰهَ مَعَ الْمُتَّقِيْنَ ﴿١٩٤﴾ وَاَنْفِقُوْا

'আলাইকুম্ অত্তাক্বুল্লা-হা অ'লামূ ~ আন্নাল্লা-হা মা'আল্‌মুত্তাক্বীন্। ১৯৫। অ

জবরদস্তি করবে। আর আল্লাহকে ভয় কর এবং জেনে রেখো যে, আল্লাহ মুত্তাকীদের সঙ্গে আছেন। (১৯৫) আর

فِيْ سَبِيْلِ اللّٰهِ وَلَا تُلْقُوْا بِاَيْدِيْكُمْ اِلَى التَّهْلُكَةِ ۛ وَاَحْسِنُوْا ۛ নেছফ-১

আন্‌ফিক্বূ ফী সাবীলিল্লা-হি অলা-তুল্‌ক্বূ বিআইদীকুম্ ইলাত্ তাহ্‌লুকাতি অআহ্‌সিনূ;

আল্লাহ্‌র পথে ব্যয় কর নিজ হাতে। নিজেকে তোমরা ধ্বংসের মুখে নিক্ষেপ করো না।

اِنَّ اللّٰهَ يُحِبُّ الْمُحْسِنِيْنَ ﴿١٩٥﴾ وَاَتِمُّوا الْحَجَّ وَالْعُمْرَةَ لِلّٰهِ ۚ فَاِنْ اُحْصِرْتُمْ

ইন্নাল্লা-হা ইয়ুহিব্বুল্ মুহ্‌সিনীন্। ১৯৬। অআতিম্মুল্ হাজ্জা অল্ 'উম্‌রাতা লিল্লা-হ্; ফাইন্ উহ্‌ছির্‌তুম্

নিশ্চয় সৎকর্মশীলদের আল্লাহ ভালবাসেন। (১৯৬) আর আল্লাহ্‌র জন্য হজ্জ্ব ও ওমরা পূর্ণ কর। যদি বাধাপ্রাপ্ত হও

فَمَا اسْتَيْسَرَ مِنَ الْهَدْيِ ۚ وَلَا تَحْلِقُوْا رُءُوْسَكُمْ حَتّٰى يَبْلُغَ الْهَدْيُ

ফামাস্ তাইসারা মিনাল্ হাদ্‌য়ি অলা-তাহ্‌লিক্বূ রূউসাকুম্ হাত্তা- ইয়াব্‌লুগাল্ হাদ্‌ইয়ু

তবে সহজলভ্য কোরবানী কর। কোরবানীর পশু নির্দিষ্ট স্থানে না পৌঁছা পর্যন্ত মাথা মুণ্ডন করো

مَحِلَّهٗ ۚ فَمَنْ كَانَ مِنْكُمْ مَّرِيْضًا اَوْ بِهٖٓ اَذًى مِّنْ رَّاْسِهٖ فَفِدْيَةٌ مِّنْ

মাহিল্লা-হ্; ফামান্ কা-না মিন্‌কুম্ মারীদ্বোয়ান্ আওবিহী ~ আযাম্ মির্ রা''সিহী ফাফিদ্‌ইয়াতুম্ মিন্

না। তোমাদের মধ্যে যে রুগ্ন অথবা যার মাথায় রোগ থাকে। তার জন্য রোযা বা ছদাকা

صِيَامٍ اَوْ صَدَقَةٍ اَوْ نُسُكٍ ۚ فَاِذَآ اَمِنْتُمْ ۗ فَمَنْ تَمَتَّعَ بِالْعُمْرَةِ اِلَى

সিয়া-মিন্ আও ছোয়াদাক্বাতিন্ আও নুসুকিন্ ফাইযা ~ আমিন্‌তুম্ ফামান্ তামাত্তা'আ বিল্'উম্‌রাতি ইলাল্

অথবা কোরবানী ফিদিয়া হবে। যখন তোমরা নিরাপদ হও, তখন হজ্জের সঙ্গে ওমরাহও পালন

الْحَجِّ فَمَا اسْتَيْسَرَ مِنَ الْهَدْيِ ۚ فَمَنْ لَّمْ يَجِدْ فَصِيَامُ ثَلٰثَةِ اَيَّامٍ فِي الْحَجِّ

হাজ্জ্বি ফামাস্ তাইসারা মিনাল্ হাদ্‌ই ফামাল্‌লাম্ ইয়াজিদ্ ফাছিয়া-মু ছালা-ছাতি আইয়্যা-মিন্ ফিল্ হাজ্জ্বি

করতে আগ্রহী হলে সহজলভ্য কোরবানী করবে। যে তা না পায় সে হজ্জের সময় তিন রোযা

শানেনুযূল ঃ আয়াত-১৯৫ ঃ হযরত আবূ আইউব আনসারী (রাঃ) বলেন, আল্লাহ তা'আলা ইসলামকে যখন বিজয়ী করলেন, তখন আমাদের মধ্যে আলোচনা হলো যে, এখন আর জিহাদের কি প্রয়োজন? এখন আমারা আপন গৃহে থেকে বিষয় সম্পত্তির দেখাশুনা করব। এ প্রসঙ্গেই অত্র আয়াত নাযিল হয়েছে। এখানে ধ্বংসের দ্বারা জিহাদ পরিহার করাকেই বুঝানো হয়েছে। সুতরাং জিহাদ পরিত্যাগ করা মুসলমানদের জন্য ধ্বংসের কারণ। এজন্যই হযরত আবূ আইউব আনসারী (রাঃ) সারাজীবনই জিহাদ করে শেষ পর্যন্ত ইস্তাম্বুলে শাহাদতবরণ করে সেখানেই সমাহিত হয়েছেন। হযরত বারা ইবনে আযেব (রাঃ) বলেন, পাপের জন্য আল্লাহর রহমত ও ক্ষমা হতে নিরাশ হওয়াও ধ্বংসেরই নামান্তর। আল্লাহ তা'আলার ক্ষমা সম্পর্কে নিরাশ হওয়া হারাম। (মাঃ কোঃ)

وَسَبْعَةٍ إِذَا رَجَعْتُمْ ۗ تِلْكَ عَشَرَةٌ كَامِلَةٌ ۗ ذَٰلِكَ لِمَن لَّمْ يَكُنْ أَهْلُهُ

অসাব্'আতিন্ ইযা-রাজ্বা'তুম্; তিল্কা আশারাতুন্ কা-মিলাহ্; যা-লিকা লিমাল্ লাম্ ইয়াকুন্ আহ্লুহূ
এবং ঘরে ফিরে সাত রোযা; মোট দশটি রোযা রাখবে। এ নির্দেশ তার জন্য যার পরিবার

حَاضِرِي الْمَسْجِدِ الْحَرَامِ ۚ وَاتَّقُوا اللَّهَ وَاعْلَمُوا أَنَّ اللَّهَ شَدِيدُ

হা-দ্বিরিল্ মাস্জ্বিদিল্ হারা-ম্; অত্তাক্বুল্লা-হা অ'লামূ ~ আন্নাল্লা-হা শাদীদুল্
২৪ মসজিদে হারামের নিকট বাস করে না। তোমরা আল্লাহকে ভয় কর আর জেনে রেখো, আল্লাহ শাস্তি দানে

الْعِقَابِ ﴿١٩٧﴾ الْحَجُّ أَشْهُرٌ مَّعْلُومَاتٌ ۚ فَمَن فَرَضَ فِيهِنَّ الْحَجَّ فَلَا رَفَثَ

রুকু ৮ 'ইক্বা-ব্। ১৯৭। আল্হাজ্জু আশ্হুরুম্ মা'লূমা-তুন্ ফামান্ ফারাদ্বোয়া ফীহিন্নাল্ হাজ্জ্বা ফালা-রাফাছা
কঠোর। (১৯৭) কয়েকটি জানা মাসে হজ্জ্ব হয়। যে এ মাসগুলোতে হজ্জ্ব করা স্থির করে তার জন্য হজ্জের সময়

وَلَا فُسُوقَ وَلَا جِدَالَ فِي الْحَجِّ ۗ وَمَا تَفْعَلُوا مِنْ خَيْرٍ يَعْلَمْهُ اللَّهُ ۗ

অলা-ফুসূক্বা অলা-জ্বিদা-লা ফিল্ হাজ্জ্ব; অমা- তাফ্'আলূ মিন্ খাইরিঁই ইয়া'লাম্হুল্লা-হ্;
স্ত্রী-সহবাস, পাপ ও ঝগড়া-বিবাদ করা বৈধ নয়, আর তোমরা যে ভাল কাজই কর আল্লাহ তা জানেন,

وَتَزَوَّدُوا فَإِنَّ خَيْرَ الزَّادِ التَّقْوَىٰ ۚ وَاتَّقُونِ يَا أُولِي الْأَلْبَابِ *

অতাযাওওয়াদূ ফাইন্না খাইরায্ যা-দিত্ তাক্ব্ ওয়া-অত্তাক্বূনি ইয়া ~ উলিল্ আল্বা-ব্।
পাথেয় সংগ্রহ কর, তাকওয়াই সর্বোত্তম পাথেয়, হে জ্ঞানীরা! আমাকেই তোমরা ভয় কর।

﴿١٩٨﴾ لَيْسَ عَلَيْكُمْ جُنَاحٌ أَن تَبْتَغُوا فَضْلًا مِّن رَّبِّكُمْ ۚ فَإِذَا أَفَضْتُم مِّنْ

১৯৮। লাইসা 'আলাইকুম্ জু্না-হুন্ আন্ তাব্তাগূ ফাদ্বলাম্ মির্ রব্বিকুম্; ফাইযা ~ আফাদ্বতুম্ মিন্
(১৯৮) তোমাদের রবের নিকট থেকে জীবিকা অন্বেষণ করলে কোন গুনাহ হবে না। যখন আরাফাত হতে প্রত্যাবর্তন

عَرَفَاتٍ فَاذْكُرُوا اللَّهَ عِندَ الْمَشْعَرِ الْحَرَامِ ۖ وَاذْكُرُوهُ كَمَا هَدَاكُمْ

'আরাফা-তিন্ ফায্কুরুল্লা-হা 'ইন্দাল্ মাশ্'আরিল্ হারা-ম্; অয্কুরূহু কামা-হাদা-কুম্
করবে তখন মাশয়ারুল হারামের নিকট আল্লাহকে স্মরণ করবে। যেভাবে নির্দেশ দিয়েছেন সে মতই তাঁকে

وَإِن كُنتُم مِّن قَبْلِهِ لَمِنَ الضَّالِّينَ ﴿١٩٩﴾ ثُمَّ أَفِيضُوا مِنْ حَيْثُ أَفَاضَ

অইন্ কুন্তুম্ মিন্ ক্বাব্লিহী লামিনাদ্ব্ দ্বোয়া —ল্লীন্। ১৯৯। ছুম্মা আফীদ্বূ মিন্ হাইছু আফা-দ্বোয়ান্
স্মরণ করবে, যদিও তোমরা ইতোপূর্বে বিভ্রান্ত ছিলে। (১৯৯) তারপর মানুষ যেখান হতে ফিরে তোমরাও সেখান হতে

শানেনুযূল ঃ আয়াত-১৯৮ ঃ ওক্কায্, যুল্ মজ্বিন্না এবং যুল্ মজ্বায এ তিনটি বাজারই মক্কায় ছিল, কিন্তু হজ্জের সময় লোকেরা ব্যবসা বাণিজ্য করা গুনাহ্ মনে করত বিধায় এটা বৈধ বলে অনুমতি প্রদানপূর্বক অত্র আয়াত অবতীর্ণ হয়।
শানেনুযূল ঃ আয়াত-১৯৯ ঃ আরবের অধিবাসীরা আরাফাতের ময়দানে ওকুফ করত, কিন্তু কুরাইশরা নিজেদেরকে বড় মনে করে কিছু দূরে মুযদালেফা নামক স্থানে অবস্থান করত এবং সে স্থান হতেই মক্কায় ফিরে আসত। কুরাইশদের এ অহমিকামূলক কর্ম নিষেধার্থে অত্র আয়াত অবতীর্ণ হয়।

النَّاسُ وَاسْتَغْفِرُوا اللّٰهَ ۚ إِنَّ اللّٰهَ غَفُورٌ رَّحِيمٌ ﴿٢٠٠﴾ فَإِذَا قَضَيْتُمْ

না-সু অস্‌তাগ্‌ফিরুল্লা-হ্; ইন্নাল্লা-হা গাফূরুর রাহীম্। ২০০। ফাইযা-ক্বাদ্বোয়াইতুম্

ফিরে আস। আর আল্লাহ্‌র কাছে ক্ষমা প্রার্থনা কর। অবশ্যই আল্লাহ ক্ষমাশীল ও দয়ালু। (২০০) আর যখন হজ্জ

مَّنَاسِكَكُمْ فَاذْكُرُوا اللّٰهَ كَذِكْرِكُمْ آبَاءَكُمْ أَوْ أَشَدَّ ذِكْرًا ۗ

মানা-সিকাকুম্ ফায্‌কুরুল্লা-হা কাযিক্‌রিকুম্ আ-বা —আকুম্ আও আশাদ্দা যিক্‌রা-;

অনুষ্ঠান সমাধা কর, তখন বাপ-দাদাকে যেরূপ স্মরণ করতে সেরূপ বা ততোধিক আল্লাহ্‌কে স্মরণ কর বরং

فَمِنَ النَّاسِ مَنْ يَقُولُ رَبَّنَا آتِنَا فِي الدُّنْيَا وَمَا لَهُ فِي الْآخِرَةِ مِنْ

ফামিনান্না-সি মাইঁইয়াকূ্লু রব্বানা ~ আ-তিনা- ফিদ্ দুন্‌ইয়া-অমা-লাহূ ফিল্ আ-খিরাতি মিন্

তার চেয়েও অধিক তবে মানুষের মধ্যে যারা বলে, "হে রব! আমাদেরকে দুনিয়াতেই দাও," এদের জন্য পরকালে

خَلَاقٍ ﴿٢٠١﴾ وَمِنْهُمْ مَنْ يَقُولُ رَبَّنَا آتِنَا فِي الدُّنْيَا حَسَنَةً وَفِي الْآخِرَةِ

খালা-ক্ব্। ২০১। অমিন্‌হুম্ মাইঁইয়াকূ্ লু রব্বানা ~ আ-তিনা-ফিদ্ দুন্‌ইয়া-হাসানাতাওঁ অফিল্ আ-খিরাতি

কোন অংশ নেই। (২০১) আর যারা বলে, হে রব! দুনিয়াতে আমাদের জন্য কল্যাণ কর এবং পরকালেও

حَسَنَةً وَقِنَا عَذَابَ النَّارِ ﴿٢٠٢﴾ أُولٰئِكَ لَهُمْ نَصِيبٌ مِمَّا كَسَبُوا ۚ وَاللّٰهُ

হাসানাতাওঁ অক্বিনা-'আযা-বান্‌না-র। ২০২। উলা —য়িকা লাহুম্ নাছীবুম্ মিম্মা- কাসাবূ; অল্লা-হু

কল্যাণ দাও, আর দোযখের শাস্তি হতে বাঁচাও। (২০২) এদের জন্যই কাজের প্রাপ্য আছে। আল্লাহ তো

سَرِيعُ الْحِسَابِ ﴿٢٠٣﴾ وَاذْكُرُوا اللّٰهَ فِي أَيَّامٍ مَعْدُودَاتٍ ۚ فَمَنْ تَعَجَّلَ

সারী'উল্ হিসা-ব্। ২০৩। অয্‌কুরুল্লা-হা ফী~ আইয়্যা-মিম্ মা'দূদা-ত্; ফামান্ তা'আজ্জ্বালা

হিসাবে অত্যন্ত তৎপর। (২০৩) নির্দিষ্ট দিনে আল্লাহ্‌কে স্মরণ কর, তবে যদি তাড়াতাড়ি, কেউ

فِي يَوْمَيْنِ فَلَا إِثْمَ عَلَيْهِ ج وَمَنْ تَأَخَّرَ فَلَا إِثْمَ عَلَيْهِ ۙ لِمَنِ اتَّقَىٰ ۗ

ফী ইয়াওমাইনি ফালা~ ইছ্‌মা 'আলাইহি' অমান্ তায়াখ্‌খারা ফালা~ ইছ্‌মা 'আলাইহি লিমানিত্ তাক্বা-;

দু'দিনে, কেউ দেরীতে সম্পন্ন করে আসে, তবে কোন পাপ নেই। এটা মুত্তাকীর জন্য। আল্লাহ্‌কে

وَاتَّقُوا اللّٰهَ وَاعْلَمُوا أَنَّكُمْ إِلَيْهِ تُحْشَرُونَ ﴿٢٠٤﴾ وَمِنَ النَّاسِ مَنْ يُعْجِبُكَ

অত্তাকু্ল্লা-হা অ'লামূ ~ আন্নাকুম্ ইলাইহি তুহ্‌শারূন্। ২০৪। অমিনান্না-সি মাইঁ ইয়ু' জ্বিবুকা

ভয় কর। জেনে রাখ যে, তাঁর কাছে তোমাদেরকে একত্রিত করা হবে। (২০৪) মানুষের মধ্যে এমন লোকও আছে যার

শানেনুযূল ঃ আয়াত-২০০ ঃ আরবের অধিবাসীরা বর্বর যুগের ন্যায় হজ্জ সমাপণের পর পাথর নিক্ষেপ করার স্থানে সমবেত হয়ে নিজেদের বাপ-দাদার কৃতিত্ব বর্ণনা করতে থাকে, এ প্রেক্ষিতে অত্র আয়াত অবতীর্ণ হয়।

আয়াত-২০১ ঃ আলোচ্য আয়াতগুলোতে প্রার্থনাকারীদেরকে দু'ভাগে বিভক্ত করা হয়েছে। ১. কাফের– এদের প্রার্থনার একমাত্র বিষয় হচ্ছে–দুনিয়া। ২. মু'মিন– আখেরাতের প্রতি বিশ্বাসে অটল। এরা পার্থিব কল্যাণের সাথে সাথে আখেরাতের কল্যাণও সমভাবে কামনা করে। উল্লেখ্য যে, মু'মিনদের জন্য আল্লাহ তাআ'লা এমন এক দোয়া শিক্ষা দিয়েছেন যাতে মানুষের ইহ-পরকালীন সমস্ত

